ISSN 2319-2151

QUEST

Uluberia College
Uluberia, Howrah-711315

Quest

A Bi-lingual Academic Journal

2015-16

Vol-10

Uluberia College
Uluberia, Howrah-711 315

Quest

A Bi-lingual Academic Journal

Vol-10, 2015-16
ISSN 2319-2151

Printed by :

IMPRESSION
108, Raja Basanta Roy Road,
Kolkata 700 029
Mobile : 9831455695

Quest

A Bi-lingual Academic Journal

Editor

Dr. Aditi Bhattacharya

Editorial Board

Dr. Debasish Pal, Dr. Siddhartha Sankar Bhattacharya,
Dipak Kumar Nath, Sm. Chandana Samanta
Dr. Uttam Purkait, Dr. Momotaj Begam.

Advisory Committee

Dr. Urvi Mukhopadhyaya
Dept. of History, W.B. State University,

Dr. Biswajit Choudhury
Dept. of applied Chemistry, Indian School of Mines.

Prof. Supriyo Bhattacharya
Dept. of Economics, Kalyani University,

Dr. Manidipa Sanyal
Dept. of Philosophy, Calcutta University,

Dr. Chanchal Dasgupta,
Dept. of Life Science and Biotechnology,
Jadavpur University

We st
memb
feedb
public
year w
Journ
Benga
submi
knowle
journal
esteem

Editorial

We started our journey ten years ago. Sincere effort of the faculty members, their valuable contributions and the encouraging feedback from different academic quarters have made possible the publication of this yearly academic journal uninterruptedly. Last year we successfully fulfilled our dream of making it a Peer-reviewed Journal. Academicians of different renowned institutions of West Bengal happily agreed to cooperate with us by reviewing the articles submitted for publication. Our exploration in different branches of knowledge is going on as it is evident by the articles published in our journal. We look forward to suggestions and comments from our esteemed readers.

Som
Supr
Debo
Dr. Ad
Dr. Jay
Priyan
Dr. Sup
Ratna E

CONTENTS

ড. শুভময় ঘোষ	নাটক 'নীলদর্পণ' ঃ সংলাপ	1
ডঃ বাসন্তী ভট্টাচার্য	স্বপ্নমিছিল	8
ডঃ মমতাজ বেগম	পঞ্চাশের মন্বন্তরের বিপর্যয় ও মুক্তির সন্ধানে বাংলা কবিতা	21
Soma Mandal (Halder)	Mamang Dai: A Voice from the Northeast	30
Supriya Dhar	Tolstoy - A Rare Talent	36
Debolina Byabortta	Re-presenting 'Logo Centric' Narrative 'Discourse': Changing Poetics of Artefact(s) in the Context of Post-industrial Society in Terms of 'Utility' and 'Significance'	40
Dr. Aditi Bhattacharya	Evil and Suffering: An Approach to the Problem from Different World Religions	47
Dr. Jayashree Sarkar	Ashalata Sen: The Making of a Gandhian Nationalist	59
Priyanka Mallick	The Emergence of Bishnupur Gharana and its arrival in Calcutta	67
জলিয়া হাজরা	বাংলার মন্দির স্থাপত্যে চালারীতির ব্যবহার (সপ্তদশ শতক থেকে উনিশ শতক)	90
বিশ্বজিৎ বক্সী	'মতুয়া ধর্ম' ঃ সমাজ সংস্কার আন্দোলনের একটি রূপরেখা	96
স্বাতী সরকার	কালিদাস - সাহিত্যে শাপ ও শাপমোচন	103
Dr. Suparna Banerjee	Heterogeneous Catalysis: Use of Inorganic Porous Solids	110
Ratna Bandyopadhyay	Is Light The Solution To Energy problem?	118

Dr. Bireswar Mukherjee	Study of the temperature dependent NMR spectroscopy- A student friendly approach	123
Dr. Lina Paria	Fuel Cells: A brief Review	131
Jagabanhu Mandal	The Changing Status of The SC/ST Population in India (1981-2011)	138
Asit Kr Kar	"Customer awareness is an effective part of customer satisfaction" :- A case study on Indian markets	153

নাটক 'নীলদর্পণ' ঃ সংলাপ

ড. শুভময় ঘোষ, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

[**বিষয়চুম্বক ঃ** মৌলিক বাংলা নাট্যসাহিত্যের প্রত্যূষলগ্নে দীনবন্ধু মিত্র রচিত 'নীলদর্পণ' নানাকারণেই স্বাতন্ত্র্যচিহ্নিত। এ-নাটক রচনার মধ্য দিয়েই এক হিসাবে বাংলা নাটক মুক্তি পেয়েছিল শহুরে মধ্যবিত্তের জীবনসমস্যার গণ্ডি থেকে। নীলকরদের সঙ্গে সংঘাতে গ্রামীণ কৃষিজীবীর প্রতিবাদী কণ্ঠস্বরও সাহিত্যে প্রথম ধ্বনিত হয় এই নাটকেই। সেইসূত্রেই 'নীলদর্পণ' বাংলার জাতীয়তাবাদী আন্দোলন এবং ভারতীয় স্বাধীনতা সংগ্রামের ইতিবৃত্তের অচ্ছেদ্য অংশ হয়ে ওঠে। বাংলা নাট্যসাহিত্যের সেই শৈশব দশায় পূর্ণাঙ্গ নাটক রচনায় দেশ-কালের এই আলোড়নকে সঠিক গুরুত্বে তুলে ধরা খুব সহজসাধ্য ছিল না। বিশেষত, যোগ্য ঐতিহ্য এবং আদর্শের অনুপস্থিতিতে আর্থিক-সামাজিক-সাংস্কৃতিক নানা স্তরের গ্রামীণ চরিত্রগুলির যথাযোগ্য সংলাপ রচনাই ছিল দীনবন্ধুর সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ। ভাষা নির্মাণের সেই প্রক্রিয়ায় নাটককারের সঙ্কট, সফলতা এবং সীমাবদ্ধতার সুলুক-সন্ধানই বক্ষ্যমাণ এই নিবন্ধের লক্ষ্য।]

নাটক যেহেতু সর্বার্থেই অভিনয়কলা, তাই এর সার্থকতায় যেমন ঘটনা ও চরিত্রের দৃঢ় কার্যকারণ সম্পর্ক খুবই বড় কারণ হিসাবে ক্রিয়াশীল থাকে; তেমনি সেক্ষেত্রে সংলাপের ভূমিকাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। বরং, এতটাও বললে অত্যুক্তি হয় না যে, সংলাপই অভিনয়মুহূর্তে সবচেয়ে গুরুত্বপূর্ণ। কেননা, নাটকের বক্তব্য, তার অন্তর্নিহিত দ্বন্দ্ব, নাটকীয় সংঘাতের মধ্য দিয়ে চরিত্রের বিকাশ - এ-সমস্তকেই অভিনয়ের পরিসরে বিন্যস্ত করে তোলে সংলাপ। নাটকে তাই সংলাপের বিশ্বাসযোগ্যতার দায় অনেক বেশি। তার (নাটকের) সামগ্রিক সিদ্ধির সম্ভাবনাও মুহূর্তে বিনষ্ট হয়ে যেতে পারে সংলাপের আড়ষ্টতা এবং কৃত্রিমতায়।

১৮৬০-এ প্রকাশিত দীনবন্ধুর 'নীলদর্পণ' বাংলা নাট্যজগতে যুগান্তর এনেছিল একদিকে তার বিষয়ের বাস্তবানুগামিতায় যেমন, তেমনি সেইসঙ্গে বাস্তবধর্মী সংলাপ প্রয়োগেও। তবু, প্রারম্ভেই বলে নেওয়া ভালো যে, সংলাপরচনার ক্ষেত্রে নাটকটির এই সার্থকতা সার্বিক নয়। 'নীলদর্পণ' যেমন বিশেষভাবে গোলক বসুর পরিবারের কাহিনী

হয়েও সামান্যত স্বরপুরের সাধারণ মানুষের জীবন-কাহিনী; তেমনি এ-নাটকের চরিত্ররাও বিভাজিত হয়ে আছে 'ভদ্র' এবং 'ভদ্রেতর' - এই শ্রেণীবিভাজনে। সেক্ষেত্রে নাটকে সংলাপসৃষ্টিতে নাট্যকারের সাফল্য ধরা পড়েছে খেটে খাওয়া, একেবারে তৃণমূল স্তরের মানুষগুলির সংলাপেই। উল্টোদিকে চরিত্রগুলির ক্ষেত্রে সংলাপের আড়ষ্টতা এবং কৃত্রিমতা নাটকের নাটকীয়তাকে নাট্যগতিকে মন্থর করেছে। আর 'নীলদর্পণ-এর সংলাপসৃজনে দীনবন্ধুর এই সাফল্য ও ব্যর্থতার কারণ নিহিত আছে সেকালের বাংলা নাট্য-ইতিহাসেই।

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে দীনবন্ধু যখন 'নীলদর্পণ' রচনা করেছেন, তখনও বাংলা সাহিত্যে ভাবপ্রকাশের উপযোগী শিষ্ট গদ্যভাষা গড়ে ওঠেনি। মধুসূদন যুগের কাব্যভাষা নির্মাণ করেছিলেন ঠিকই, যদিও তা বাঙালির প্রাণের ভাষা অন্যদিকে বাংলা গদ্যের প্রথম 'যথার্থ শিল্পী' ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের হাতে সংহত এবং লক্ষ্যভেদী হলেও সে-ভাষা ছিল তৎসম শব্দবহুল সাধুভাষাই - মুখের চলিত ভাষা নয়। তবু, এরই মধ্যে ১৮৫৮ সালে প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' বাংলা গদ্যের এক নতুন দিগন্তের দিশারি হয়েছিল। টেকচাঁদ ঠাকুরের আলালী ভাষা বাংলা গদ্যে কথ্য ভাষার যে লঘু চাল নিয়ে এসেছিল তা ছিল কিংবা কমেডির চরিত্রোপযোগী। মধুসূদন তাঁর লেখা দুটি প্রহসনে ('একেই কি বলে সভ্যতা', 'বুড় সালিকের ঘাড়ে রোঁ') আলালী গদ্যের এই নতুন ঘরানাকে করেছিলেন নিশ্চয়ই। কিন্তু, ১৮৬০-এ সমসাময়িক সামজ সমস্যাসঙ্কুল 'নীলদর্পণ' রচনার সময় সাধারণ 'ভদ্র' মানুষের সামাজিক আলাপচারিতার কোনো আদর্শরূপ দীনবন্ধুর সামনে ছিল না। তাই বাধ্যতই, নবীনমাধব, বিন্দুমাধব গোলোক বসুর সংলাপ নির্মাণে তাঁকে নির্ভর করতে হয়েছে সাধু গদ্যের ওপরেই।

"বাপু, দেশ ছেড়ে যাওয়া কি মুখের কথা? আমার এখানে সাত পুরুষ কর্তারা যে জমা-জমি করো গিয়েছেন তাহাতে কখন পরের চাকরি স্বীকার নি।.. বল কি বাপু, আমার সোনার স্বরপুর, কিছুরি ক্লেশ নাই।" - 'নীলদর্পণ' একেবারে সূচনাপর্বেই বসুপরিবারের প্রধান গোলোকের মুখের এই কথা সাধুগদ্যই। তবু, সাধু হলেও এ-ভাষা সজীব। এই গদ্যের ভিতরের চলিতেরই সহজ স্পন্দ। সাধুভাষার এই রূপই যদি ব্যবহৃত হতে থাকত জুড়ে গোলোক কিংবা তার দুই ছেলের মুখে, তবে, তাতে আপত্তির কোনো না। বরং, সাধুগদ্য কাঠামোয় চলিতের এই প্রাণস্পন্দী নাট্যসাহিত্যের হাত ধরে বাংলা গদ্যের এক নতুন অভিযানসাফল্যের ইশারায় আমাদেরও আশাবাদী করে তোলে। কিন্তু নাটক যত এগোয় ততই নবীনমাধব, বিন্দুমাধবের মুখে সে গদ্য ভারী, আড়ষ্ট, আদ্যন্ত

এই সাক্ষাৎ উচ্চারণই পাঠকের মনে ঘটনাটির প্রতি স্বাভাবিক সহানুভূতির বাধা হয়ে দাঁড়ায়। আবেগের এই অসংযম এবং বর্ণনার আধিক্য তীব্র অভিঘাত সৃষ্টির সমূহ সম্ভাবনাকে আরও একবার ব্যাহত করে নাটকের শেষ দৃশ্যে যেখানে বিকৃত মস্তিষ্কা মায়ের হাতে স্ত্রী সরলতার মর্মান্তিক মৃত্যু বিন্দুকে কোনো গভীর শোকে মুহ্যমান করে রাখে না, বরং, সে মুহূর্তেও অনর্গল হয়ে ওঠে তার সংলাপ - "হে মাতঃ জননী যেমন যামিনীযোগে অঙ্গচালনা দ্বারা স্তনপানাসক্ত বক্ষঃ স্থলস্থ দুগ্ধপোষ্য শিশুকে বধ করিয়া নিদ্রাভঙ্গে বিলাপে অধীর হইয়া আত্মঘাত বিধান করে, আপনার যদি এক্ষণে শোকদুঃখ বিস্মরিকা ক্ষিপ্ততার অপগম হয়, তবে আপনিও আপনার জীবনাধিক সরলতাবধজনিত মনস্তাপে প্রাণত্যাগ করেন।" সন্দেহ নেই যে তৎসমশব্দবাহুল্যে ভারী, অসমাপিকা ক্রিয়ায় ঠাসা দীর্ঘায়িত এই জটিলবাক্য বসু পরিবারের ট্রাজেডিকে দর্শক বা পাঠকমনে তীব্র জ্বালায় জাগিয়ে তোলে না, বরং, তাকে উৎসমুখেই প্রশমিত করে দেয়। কেবলমাত্র নবীনমাধব বা বিন্দুমাধবই নয়, নাটকে স্বরপুরের 'মাতব্বর রাইয়ত' অল্পশিক্ষিত সাধুচরণের সংলাপও ক্রমশই সহজ সাবলীলতা ছেড়ে অকারণ জটিল হয়ে ওঠে - "আমার বোধ হয় নীলকর নিশাচরের অত্যাচারাগ্নি বড়বাবু আপনার পবিত্র শোণিত দ্বারা নির্বাপিত করিলেন"। একজন গ্রাম্য চাষার মুখে সাধুগদ্যের এই আড়ম্বর নিতান্তই হাস্যকর হয়ে দাঁড়ায়।

একদিন এই সাধুচরণের মুখেই উড সাহেবের কুঠিতে সাধুভাষার প্রয়োগ দেখে গোপীনাথ দেওয়ান বলেছিল - "সাধু, তোর সাধু ভাষা রাখ চাষার মুখে ভাল শুনায় না, ..." - পাঠকের দিক থেকে এই কটাক্ষে কেবল সাধু নয় 'নীলদর্পণ'-এর সমস্ত ভদ্র মানুষের প্রতিই। নাটকে চরিত্রের গড়ে ওঠা এবং ঘটনার বিশ্বস্ততা তৈরিতে সংলাপের যে দায় আছে, এ-নাটকে ভদ্রচরিত্রের মুখের সংলাপ সেই বিশ্বাসযোগ্যতা সৃষ্টিতে ব্যর্থ হয়েছে।

অথচ, ঠিক এর বিপরীতে প্রাণের সহজ স্ফূর্তি নিয়ে আশ্চর্য জীবন্ত হয়ে উঠেছে 'নীলদর্পণ'-এ ভদ্রেতর মানুষের ভাষা। তোরাপ, আদুরী, রাইচরণ কিংবা অন্যান্য রায়তদের সংলাপরচনায় দীনবন্ধু নির্ভর করেছেন কথ্য ভাষার উপরেই। সাধারণের মুখের কথার সেই সহজ স্পন্দই আদ্যন্ত সাবলীল রাখে এই ভাষাকে। কথ্য ভাষার অনায়াসপটুতা তখন জলের তোড়ে এগিয়ে নিয়ে যায় নীপদর্পণের নাট্যঘটনাকে। প্রসঙ্গত, বলা জরুরি, এ-নাটকে ব্যবহৃত কথাভাষা কিন্তু মধুসূদনের প্রহসন কিংবা আলালী গদ্যের প্রতিফলন নয়; এ-ভাষা নাট্যকারের জীবন-অভিজ্ঞতা থেকে পাওয়া। দীনবন্ধু নিজে নদীয়ার অধিবাসী ছিলেন। নীলকর-অত্যাচারপীড়িত নদীয়া -যশোর-খুলনার সাধারণ গ্রাম্য মানুষের ভাষাকেই তিনি গ্রহণ করেছিলেন সাধারণ

কর্ষণজীবী মানুষের যোগ্য ভাষা হিসাবে। এ-বিষয়ে আরও যা লক্ষ করবার তা হলো, তোরাপ, আদুরী, পদীময়রাণী - এদের কারো মুখেই উল্লিখিত তিন জেলার ভাষাভঙ্গির পার্থক্যটিকে অটুট রাখেননি দীনবন্ধু। বরং নাট্যপ্রয়োজনে এই তিন জেলার আঞ্চলিকতাকে মিশিয়ে নিয়ে গড়ে তুলেছেন বিমিশ্র এক ভাষা। সে -ভাষা মাটির রসে প্রাণ পাওয়া। আসলে, দীনবন্ধু সচেতনভাবেই এই মিশ্র ভাষার প্রয়োগ ঘটিয়ে নীলকরদের অত্যাচারের বিস্তৃত ক্ষেত্রটিকে চিনিয়ে দেন পাঠককে।

উপস্থিতির প্রথম মুহূর্ত থেকেই সংস্কৃতগন্ধী সাধু গদ্যের বিপ্রতীপে যেন সহজ প্রাণের স্পর্শ নিয়ে এসেছে এই ভাষা। প্রথম অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্কেই রাইচরণ যখন জানায় - " আমিন সুমুন্দি য্যান বাগ, যে রোক্ করে মোর দিকি আস্‌চিলো, বাবা রে। মুই বলি মোরে বুঝি খালে"[৯], কিংবা, অন্যত্র তোরাপ যখন বলে - " আল্লা, বড়বাবু মোরে এতবার বাঁচালে, মুই বড়বাবুরি অ্যাকবার বাঁচাতি পাল্লাম না।"[১০] - তখন রাইচরণের সেই বর্ণনা বা তোরাপের আত্মগ্লানি খুব সঙ্গত কারণেই পাঠককে স্পর্শ করে সংলাপের স্বাভাবিকতার জোরে। কেবল তাই নয়, প্রতিদিনের এই কথার ভিতর থেকেই তৈরি হয় তোরাপের প্রতিরোধও - "ম্যারে ক্যান ফেলায় না, মুই নেমোখ্যারামি কত্তি পারবো না - ঝে বড়বাবুর জন্যি জাত বাঁচেচে, ঝার হিল্লেয় বস্‌তি কত্তি নেগিচি, ... মিত্যে সাক্ষী দিয়ে সেই বড়বাবুর বাপ্‌কে কয়েদ করে দেব? মুই তো কখনই পারবো না - জান কবুল।"[১১] উদ্ধৃত এই সংলাপে কথ্যভাষার স্বাভাবিক চালের সঙ্গে 'হিল্লেয়,' 'জান কবুল' ইত্যাদি শব্দের প্রয়োগ জীবন্ত করে তোলে চরিত্রের বিশিষ্টতাকে। শ্রেণীগত দিক থেকে চরিত্রের এই স্বরস্বাতন্ত্র্য ধরা পড়েছে এই সব গ্রামীণ মানুষের মুখে গ্রাম্য, 'ইতর' শব্দের ব্যবহারেও। বলা বাহুল্য, বাংলার কৃষক ক্ষেতমজুর অধ্যুষিত গ্রামীণ প্রেক্ষিতটিকে বিশ্বস্ত করে তুলতে চেয়েই তোরাপ, আদুরী কিংবা পদী ময়রাণীর মুখে তথাকথিত অশ্লীল শব্দ বসাতে কুণ্ঠিত হননি দীনবন্ধু। নাটককারের এই অভীপ্সা যে ব্যর্থ হয়ে যায় নি তা বোঝা যায় বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যেই - "আদুরীর ভাষা ছাড়িলে আদুরীর তামাসা আর আদুরীর তামাসার মত থাকে না, তোরাপের ভাষা ছাড়িলে তোরাপের রাগ আর তোরাপের রাগের মত থাকে না। রুচির মুখ রক্ষা করিতে গেলে ছেঁড়া তোরাপ, কাটা আদুরী, ভাঙা নিমচাঁদ আমরা পাইতাম।"[১২]

'নীলদর্পণ' নাটকে ভদ্রেতর চরিত্রের সংলাপের বিশ্বাসযোগ্যতার আরও একটি কারণ অসংখ্য প্রবাদ - প্রয়চনের ব্যবহার। 'কাঙ্গালের কথা বাসি হলে খাটে', 'জীব দিয়েছে যে আহার দেবে সে', 'পাঁচদিন চোরের একদিন সেদের' ইত্যাদি অজস্র প্রবাদ-প্রবচন ভর করে আছে তাদের কথায়। বাংলার নিজস্ব এই প্রবাদ প্রবচনগুলি এ-নাটকের সংলাপকে কীভাবে শক্তিশালী করে তুলেছে তা জানিয়ে ড. আশুতোষ ভট্টাচার্য লিখেছেন - " নীল

-দর্পণের ভিতর দিয়া পল্লীর যে জীবন তিনি রূপায়িত করেছেন, প্রবাদ প্রবচন 'ইডিয়ম' তাহার নিত্যসহচর; সুতরাং ইহা পরিত্যাগ করিয়া যদি তিনি সেই জীবন রূপায়িত করিতে যাইতেন, তবে তাহা নিতান্ত খণ্ডিত হইয়া পড়িত, তাহার পূর্ণাঙ্গ পরিচয় প্রকাশ পাইত না।"[১৫]

এ-নাটকে বিভিন্ন নারী চরিত্রের সংলাপও সাধারণভাবে মৌখিক ভাষাপ্রয়োগে, নারীসুলভ সম্বোধনে, গ্রাম্য ছড়ার প্রয়োগে সহজ, সাবলীল। যদিও গোলোক বসুর পরিবারের সম্ভ্রান্ততা বজায় রাখতেই হয়তো নাট্যকার সৈরিন্ধ্রী, সরলতা, সাবিত্রীর সংলাপে আঞ্চলিকতার-এ বিশেষ সুরটি বর্জন করেছেন। কিন্তু, সৈরিন্ধ্রী, সরলতার কথার এই সহজ সাবলীলতা একেবারে নষ্ট হয়ে গেছে যে-মুহূর্তে এদের প্রত্যক্ষে বা পরোক্ষে নবীন এবং বিন্দুর সঙ্গে যুক্ত করেছেন দীনবন্ধু। তাই, সরলতা যখন জানায় যে বিন্দুমাধবের 'আগমন প্রতীক্ষায়' 'নবসালিলশীকরাকাঙ্ক্ষিণী চাতকিনী অপেক্ষাও ব্যাকুল'[১৬] হয়ে ছিল সে; কিংবা, নবীনের মৃত্যুতে সংজ্ঞাহারা সাবিত্রীকে দেখে সৈরিন্ধ্রী যখন বলে - "আহা! হা! বৎসহারা হাম্বারবে ভ্রমণকারিণী গাভী সর্পাঘাতে পঞ্চত্বপ্রাপ্ত হইয়া প্রান্তরে যেরূপ পতিত হইয়া থাকে, জীবনাধার পুত্রশোকে জননী সেইরূপ ধরাশায়িনী হইয়া আছেন।"[১৭] - তখন পাঠকের কানে তা রূঢ়তায় বেজে ওঠে। সবশেষে, স্বামী হারানোর নিদারুণ শোকার্তি যখন সৈরিন্ধ্রীর মুখে পয়ার ছন্দে রূপ নেয়, তখন উনিশ শতকের সমস্যাকীর্ণ পল্লীসমাজের বাস্তবতা ছাড়িয়ে তা যেন পুরাণের অলৌকিকতার দূরত্বকে স্পর্শ করে। অথচ, ঠিক এর বিপরীতে প্রাণের ভাষার স্বতঃস্ফূর্ততায় ক্ষেত্রমণির মৃত্যুদৃশ্য অনেক বেশি করুণ ও মর্মান্তিক হয়ে ওঠে।

প্রখ্যাত ব্রিটিশ সমালোচক A. Nicoll তাঁর " Theory of Drama" গ্রন্থে সংলাপ সম্পর্কে জানিয়েছেন যে "It is through the dialogue and through the dialogue alone as interpreted by the actors, that he can convey his story to the assembled audience. "[১৮] নাটকে সংলাপের এই ভূমিকার কথা মনে রেখে বলা যায় যে, দীনবন্ধুর নীলপর্দণ নাটকে ভদ্রেতর চরিত্রের মুখে গ্রাম্য, চাষাড়ে ভাষার কথ্য গদ্যের প্রয়োগ আঞ্চলিকতার সুরে অব্যর্থ ভাবে তুলে ধরেছে সেদিনের একটি সমাজ সমস্যাকে। আর অন্যদিকে, সামাজিক সেই জলজ্যান্ত সমস্যাকে ঘিরে বসুপরিবারে যে ভয়ঙ্কর ট্র্যাজেডির সম্ভাবনা নিহিত ছিল, তার আবেদন তরল হওয়ার দায়ও অনেকাংশত সংলাপেরই। ভদ্র চরিত্রের সংলাপের এই আলঙ্কারিক অতিরেক , অসংযম এবং বর্ণনার আতিশয্য বাস্তবতা ও বিশ্বস্ততার ভূমি থেকে অনেক দূরে সরিয়ে নিয়ে সায় এর নাট্যঘটনাকে।

সূত্র সংকেত

১. ড. আশুতোষ ভট্টাচার্য সম্পাদিত 'দীনবন্ধু মিত্রের নীলদর্পণ', দে'জ পাবলিশিং, প্রথম দে'জ সংস্করণ, পঞ্চম মুদ্রণ, ১৯৯৬, পৃঃ ৭৭

২. তদেব, পৃঃ ৭৮

৩. তদেব, পৃঃ ১০৬

৪. তদেব, পৃঃ ১০৮

৫. তদেব, পৃঃ ১১৯

৬. তদেব, পৃঃ ১৩৯

৭. তদেব, পৃঃ ১৩৫

৮. তদেব, পৃঃ ৮২

৯. তদেব, পৃঃ ৭৯

১০. তদেব, পৃঃ ১২৭

১১. তদেব, পৃঃ ৯০

১২. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, 'রায় দীনবন্ধু মিত্র বাহাদুরের জীবনী ও গ্রন্থাবলীর সমালোচনা,' বঙ্কিম রচনাসংগ্রহ, প্রবন্ধ খণ্ড শেষ অংশ, সাক্ষরতা প্রকাশন পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি, ১৯৭৩, পৃঃ ১১৩৩

১৩. ড. আশুতোষ ভট্টাচার্য সম্পাদিত 'দীনবন্ধু মিত্রের নীলদর্পণ', দে'জ পাবলিশিং, প্রথম দে'জ সংস্করণ, পঞ্চম মুদ্রণ, ১৯৯৬, পৃঃ ৭০

১৪. তদেব, পৃঃ ৯৪

১৫. তদেব, পৃঃ ১২৯

১৬. উদ্ধৃত, ড. বৈদ্যনাথ মুখোপাধ্যায়, 'দীনবন্ধু মিত্রের নীলদর্পণ', তুলসী প্রকাশনী, ১৯৯৭, পৃঃ ৪৮

স্বপ্নমিছিল

বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

[বিষয় চুম্বক ঃ ভারতবর্ষ বহু ভাষাভাষীর দেশ। ভিন্ন ভিন্ন প্রদেশে বিভিন্ন প্রাদেশিক ভাষায় প্রকাশিত হয়েছে সেখানকার জনজীবনের কথা। কথাকাররা সমাজের বুকে ঘটে চলা অসাম্যের ছবি এঁকেছেন তাঁদের কথাসাহিত্যে। সমাদের প্রান্তিক মানুগুলোর সুখ-দুঃখ, হতাশা - অসহায়তার কথা উঠে এসেছে কথাকারের দরদী কলমে। বিশেষত ছোটগল্পগুলি স্বল্প পরিধির মধ্যেই সূচীমুখ তীক্ষ্ণতায় তুলে ধরেছে মানুষের বেদনার করুণ ইতিহাস। ওড়িয়া, মালয়ালি, গুজরাতি, হিন্দী, তামিল ও মারাঠি ভাষায় রচিত ছ'টি ছোটগল্প আলোচিত হয়েছে বর্তমান নিবন্ধে। প্রদেশ-গুলির ভাষাই কেবল ভিন্ন ভিন্ন নয়, ভিন্ন তাদের সাংস্কৃতিক কাঠামো। তবু বঞ্চিত অবহেলিত মানুষের কথা বলতে গিয়ে লেখকদের অনুভব একই তারে বাঁধা পড়েছে। কখনো প্রতিবাদ, কখনো ব্যঙ্গ, কখনো বেদনার করুণ সুরে বারবার ধ্বনিত হয়েছে মানুষের ভালো না থাকার কাহিনী। আর একই সঙ্গে বোনা হয়েছে মানুষের ভালো থাকার স্বপ্ন।]

বনচারী মানুষ একদিন সমাজ গড়েছিল। বাইরের শতসহস্র প্রতিকূলতার বিরুদ্ধে সঙ্ঘবদ্ধতাকে হাতিয়ার করেছিল। সফলও হয়েছিল মানুষ। কিন্তু মানুষের ভিতরের অন্তর্লীন প্রবৃত্তি তাকে প্ররোচিত করেছিল সমাজকাঠামোর অবশ্যম্ভাবী শর্তকে ভাঙতে। তাই ধনী-নির্ধন, জাত-পাত, সাদা-কালো অজস্র দ্বন্দ্বে ভেঙে গেছে এ সমাজ বারবার। তৈরী হয়েছে অজস্র ক্ষতচিহ্ন। আপাত ভালো থাকার প্রলোভনে মানুষ বারবার হারিয়েছে তার মানবতা। আবার মানুষই ঘটিয়েছে সেই মানবতার পুণঃপ্রতিষ্ঠা। বিচিত্র এই সমাজসংসারে দেবতা-মানুষ-অমানুষের সহাবস্থানে বারবার লঙ্ঘিত হয়েছে মানুষের ভালো থাকার শর্ত। তবু কিছু মানুষ দেখেই গেছে সব মানুষের ভালো থাকার স্বপ্ন। আর তাই মানুষের ভালো না থাকার ছবিকে তুলে ধরা হয়েছে বারবার সাহিত্যের পাতায়। সাহিত্য দেখে ও দেখায়। যথার্থ সাহিত্য গড়ে ওঠে জগৎ সংসারকে ব্যাপ্তভাবে ও গভীরভাবে দেখে, আবার যথার্থ সাহিত্যের মধ্য দিয়ে চেনাজানা হয় এই বিপুল বৈচিত্র্যময় বিশ্বের সঙ্গে। কথাকাররা তো এই সমাজেরই অংশ। তাঁরা এই সমাজসংসার থেকেই খুঁজে পান তাঁদের লেখনীর উৎসকে। বা বলা ভালো সমাজের নানা অসঙ্গতি

তাঁদের উদ্বুদ্ধ করে কলম ধরতে। এই প্রকৃতির সবকিছু সবার জন্য - সাম্যবাদের এই সহজ সত্য যখন কিছুতেই শাশ্বত সত্য হিসাবে প্রতিষ্ঠিত হয় না তখনই কলম ধরেন শিল্পী-কথাসাহিত্যিকরা। কথাসাহিত্যিকদের কলমে চিত্রিত হয় সমাজবাস্তবতার ছবি। এই জগৎ-সংসারকে যিনি যত ব্যাপ্ত ও গভীর ভাবে দেখে থাকেন তাঁর হাতেই ফুটে ওঠে মানবজীবনের নিখুঁত ছবি।

মানবজীবনের বৈচিত্ররূপায়নে ছোটগল্পের ভূমিকা বেশ উল্লেখযোগ্য। ভারতের মতো বহুভাষাভাষী দেশে ছোটগল্পের দুনিয়াও স্বভাবতই বর্ণময়। বৈচিত্র্যে ভরা অজস্র ভাষার অজস্র সে সব গল্প তুলে ধরে সারা ভারতের জনজীবন ও সমাজজীবনকে। জীবনধারনের মৌলিক চাহিদার নিরিখে যে মানুষগুলো প্রান্তিক হয়ে বাঁচে তাদের কথা গল্পকার তুলে আনেন আন্তরিক আবেগে। সে আবেগ কখনো প্রতিবাদের ভাষায়, কখনো ব্যঙ্গে, কখনো কারুণ্যে বিদ্ধ করে এ সমাজকে। হয়তো বা প্রতিবাদ বা ব্যঙ্গের আড়ালে এ আশাই পোষিত হয় - একদিন সব মানুষ সমান ভালো থাকবেই।

ওড়িয়া লেখক কালিন্দীচরণ পানিগ্রাহীর গল্প 'বিজয় উৎসব'। দুর্ভিক্ষ পীড়িত নিউছুয়া গাঁয়ে ঘরে ঘরে না খেতে পাওয়া মানুষের বাস, বাস না বলে দিনযাপন বলাই ভালো। সরকারি সিদ্ধান্তে ওড়িষ্যাকে 'উদ্বৃত্ত প্রদেশ' ঘোষণা করে ধান রপ্তানি শুরু হবার পর থেকেই ধানের অভাব শুরু হয় গ্রামে। ক্রমে আকাল আসে। চালের বিকল্প হিসাবে গরিব মানুষের খাদ্য হয় শ্যামাচাল। শ্যামাচাল নামেই চাল, আসলে এটি ধান গাছের মত লম্বা লম্বা ঘাসের ডগায় বুনো ফল। এই গ্রামেই বাস করে দুই ভাইবোন মুকুন্দ ও মাণিক। ঘরে তাদের অসুস্থ শয্যাশায়ী বাবা। অপুষ্টিতে মারা গেছে তাদের মা, দুই ভাই। অভাবের তাড়নায় ঘর ছেড়েছে দিদি। তায় লেগেছে যুদ্ধ। জাপানের হার হলেই আবার কেরোসিন পাওয়া যাবে, ধান-চাল সস্তা হবে, মানুষ পেট পুরে খেতে পাবে এই আশাতেই আছে মামুষ।

মুকুন্দর দিন কাটে মৃত্যুপথযাত্রী বাবার ওষুধ ও পথ্যের জন্য চাল যোগাড় করতে। নুয়াপাড়ার বাঞ্ছা সাহু বা মণিজঙ্ঘার সাধু পান্ডা যার কাছে হোক তাকে মাথা নিচু করে হাত পেতে দাঁড়াতেই হবে। বোন মাণিককে সে কারো দরজায় হাত পাততে যেতে দিতে পারবে না। সে স্বপ্ন দেখে অন্তত একবেলা রোজ মাণিক ভাত রাঁধবে আর বাপকে খাওয়াবে, নিজে খাবে। নিজে তিনদিন না খেয়েও সে স্বপ্ন দেখে আপনজনের জন্য, নিজের জন্য নয়। মুকুন্দ ভাবে, "হয়তো দুটো গরম গরম খেতে সাধ মেয়েটার। কখনো তো দুটো মোয়া কি নাড়ু কিছু ভালোমন্দটা খেতে পেল না। নিজে না হয় তিন-চারদিন কিছু না খেয়ে রয়ে যায়। পুরুষ মানুষ বলে কথা। যেমন-তেমনে চলে। নতুন আর কী! তা বলে ছোট বোনটা না খেয়ে ছটপট করবে!" এই আকাল তার পরিবারের অনেককে নিয়েছে তবু সে আশা রাখে একটু ভাত খাওয়াতে পারলেই সে বাঁচিয়ে তুলতে পারবে

তার বাবাকে। এই আশা নিয়েই সে চাল আনতে যায় প্রতিবেশী গ্রামের মহাজনের কাছে। বহুকষ্টে সে চাল যোগাড় করে কিন্তু চাল নিয়ে বাড়িতে ফেরার আগেই মৃত্যু হয় তার বাবার। সে চাল খরচ হয়ে যায় শ্রাদ্ধশান্তির কাজে। তারপর আবার শুরু হয় বোনের জন্য চালের সন্ধান। এবারে সে চাল পায় বিস্তর ঘুরে ঘুরে। সে দ্রুত ফিরতে চায় বোনের কাছে। ফেরার পথে সে পথ আর তার ফুরায় না। অনাহারে জীর্ণ শরীর হুমড়ি খেয়ে পড়ে গাঁয়ে ঢোকার মুখেই, তখনও সে স্বপ্ন দেখে এই চালটুকু মাণিকের কাছে পৌঁছাতে হবে, মাণিক গরম ভাত রাঁধবে। মৃত্যুর আগে পর্যন্ত গরম ভাতের স্বপ্ন দেখতে দেখতে থেমে যায় মুকুন্দের সব স্বপ্ন।

সেদিনই গাঁয়ে খবর এল জাপানের হার হয়েছে। সারা গ্রাম জুড়ে পালিত হবে বিজয়োৎসব। দরজায় দরজায় আমপাতা ঝুলানো হবে, থানা থেকে মিষ্টি বিলোনো হবে স্কুলের ছেলেমেয়েদের জন্য। আর সবচেয়ে জমকালো বিজয়োৎসব বুঝি পালিত হবে মুকুন্দের জন্য। মানুষের কাঁধে চেপে শেষযাত্রার সৌভাগ্য ঘটবে তার। আকালের দিনে কত মানুষই তো মরেছে। মুকুন্দ তো নিজের চোখেই দেখেছে শ্মশানের রাস্তায় হাড়ের স্তূপ। তার বাবা-মা-ভাইদের গতিও তো ওই হাড়ের গাদাতেই হয়েছে। আর সে যাবে মানুষের কাঁধে চেপে। যদিও এই প্রথম ও এইই শেষ। রাজনীতির জটিল হিসাবে জাপানের হাত তার মৃত্যুকে ও উৎসবে পরিণত করেছে।

রবীন্দ্রনাথের রোম্যান্টিক ভাবধারায় অনুপ্রাণিত কালিন্দীচরণ তাঁর ভাই ভগবতীচরণের মার্ক্সীয় ভাবধারাতে প্রভাবিত হয়েছিলেন। সাধারণ মানুষের প্রতি রাষ্ট্রের উদাসীনতা তাঁকে মানুষের জন্যে কাঁদিয়েছিল। তিনি বুঝেছিলেন রাজনীতির লড়াইয়ের সাধারণ গরিব মানুষের লাভ হয় না, ক্ষতিই হয় সর্বদা। জমি হারায়, ভেঙে যায় অর্থনীতির কাঠামো, ভেঙ্গে যায় পরিবারের বন্ধন। অভাব, অনাহার, অপুষ্টির পরে আসে মৃত্যু। তখন রাজনীতির চালে জিতে এলেও পরাজিতই থেকে যায় মানুষ। একদিকে রাষ্ট্রের বিজয়উৎসব অন্যদিকে জীবনযুদ্ধে হেরে যাওয়া অসহায় অকালমৃত মানুষের শোভাযাত্রা - ব্যঙ্গ করে রাষ্ট্রব্যবস্থাকে, সমস্ত সভ্যতাকে।

দুর্ভিক্ষকে কেন্দ্র করে মানুষ কিভাবে রাজনীতির দাবার ঘুঁটি হয়ে পড়ে তাই দেখালেন কালিন্দীচরণ পাণিগ্রাহী। আবার বন্যাকে ঘিরে 'বন্যা' গল্পে মালয়ালি ভাষার লেখক তাকাশি শিবশঙ্কর পিল্লাই দেখালেন এক ধারাবাহিক নিষ্ঠুরতার ছবি। কেরালার সমাজজীবনে সামন্ত প্রথা, ভৃত্যতন্ত্র যে প্রভু-ভৃত্য নির্বিশেষে সবার মধ্যেই কাজ করে তারই নিদর্শন এই গল্পটি।

বন্যার প্লাবনে ভেসে গেছে প্রায় সারা গ্রাম। উঁচু ডাঙার খোঁজে সবাই যে যার মত চলে গেছে। জলে ডোবা কুঁড়েতে মনিবের সম্পত্তি পাছে চোরের হাতে পড়ে সেই কারণে

ভৃত্য চেন্নান রয়ে গেছে ডুবে থাকা কুঁড়েতে। সে ঘরের চালটুকুই কেবল রয়ে গেছে জলের উপর জেগে। চেন্নানের সঙ্গে রয়ে গেছে তার স্ত্রী, বাচ্চারা, একটা বেড়াল ও একটা কুকুর। একটানা তিনদিন বৃষ্টিতে এবার কুঁড়ের চালটাও বুঝি ডুবে যাবে। চেন্নান কোনরকমে একটা উদ্ধারকারী নৌকায় পরিবারের সকলকে তুলে দিল, নিজেও উঠল, এমনকি পোষা বিড়ালটাকেও তুলে দিল কিন্তু ভুলে গেল কুকুরটার কথা। কুকুরটা সেই সময়েই ঘুরে ঘুরে দেখছিল পুরো চালাটা। চেন্নানের মনিব যেমন চেন্নানকে ফেলে গেছে, চেন্নানও তার পোষা কুকুরটাকে ফেলে চলে গেল নিরাপদ আশ্রয়ের খোঁজে। কুকুরটা কখনও ক্ষুধায় কাতর হয়ে কাঁদল, কখনও জলে ভেসে আসা কুমীর বা সাপ দেখে ভয়ে কাঁদল, কখনও একটানা বৃষ্টিতে ভিজে শীতে কুঁকড়ে কুঁকড়ে কাঁদল। কেউ শোনার মত নেই। এরই মধ্যে কুকুরটার কানে এল মানুষের গলা। তার সজাগ প্রভুভক্ত মন জানিয়ে দিল বাড়িতে চোর এসেছে। পরিত্যক্ত ভিটাতে কলা, নারকেল, খড় চুরি করতে চোর এসেছে। তার প্রভু তাকে ফেলে গেছে তাকে ভুলে গিয়ে, কিন্তু কুকুরটা প্রভুভক্তি ভুলতে পারলো না। সে জলের মধ্যে ঝাঁপ দিয়ে লোক দুটোকে আক্রমণ করলো। প্রতিআক্রমণে মাথায় দাঁড়ের বাড়ি খেল। কুকুরটার অবিশ্রান্ত চিৎকারেই চোরগুলো লোক জানাজানির ভয় পেয়ে পালিয়ে গেল। পরদিন ভেসে চলা একটা মরা গরু খেতে গিয়ে গরুটা সহ কুকুরটা তলিয়ে গেল বন্যার জলে। "তারপর শোনা গেল শুধু ঝড়ের গোঙানি, ব্যাঙের মকমকি আর নদীর বুকে ঢেউয়ের শব্দ। কুকুরও (কুকুরটাও) নিশ্চুপ। কুকুরটার বুক ফাটানো আর্তনাদ আর গোঙানি আর শোনা যায় না। মরা মড়া নদীতে ভেসে যায়। কাকরা নির্বিকার ভাবে মড়া ঠুকরে খায়। চারদিকে এক মহাশূন্যতা। চোর-ছ্যাচোড়রা লুঠ করে চলে। তাদের বাধা দিতে কেউ নেই। কিছুক্ষণ পরে কুঁড়েটাও যায় তলিয়ে। চারদিকে শুধু অপার অনন্ত জল, শুধু জল। যতক্ষণ দেহে প্রাণ ছিল, কুকুরটা তার মনিবের সম্পত্তি রক্ষা করেছে। এখন কুমিররা তাকে খাচ্ছে।"
চেন্নানকে তার মনিবের ফেলে যাওয়া এবং চেন্নানেরও তার কুকুরকে ফেলে যাওয়ার অমানবিক নিষ্ঠুরতার কাহিনী বুঝি এভাবেই শেষ হল।

কিন্তু গল্পটা এখানে শেষ হল না। বঞ্চিত প্রাণের করুণ কান্নার সাক্ষী তাকাশি শিবশঙ্কর পিল্লাই দেখালেন কুকুরটার মৃত্যুপরবর্তী ছবিও। কুকুরটার চিৎকার গোঙানি থেমে যাওয়ার পর চারিদিকে নেমে এল স্তব্ধতা। বিনা প্রতিরোধে চলল চোরদের লুঠতরাজ। লুঠেরারাও গেল নিশ্চিন্ত হয়ে। তারপর একদিন প্রকৃতির নিয়মে বৃষ্টি থামল, জল নামল। চেন্নান ফিরে এল মনিবের ঘরের খোঁজে, নিজের কুকুরের খোঁজে। একটা নারকেল গাছের তলায় দেখলও একটা মরা কুকুর তখনও জলের ঢেউয়ে দোল খাচ্ছে। চেন্নান চিনতে পারলো না তার কুকুরকে। কুকুরটার কান ছেঁড়া, চামড়া পচে গিয়ে চামড়ার রং চেনা যাচ্ছে না। কুকুরকে তো চেনা যায় তার গায়ের কালো, বাদামী রং দিয়েই। কিন্তু

মৃত্যুতে যে সব চেনা অচেনা একাকার হয়ে গেছে, মুছে গেছে চেনা সব দিক; হয়তো বা প্রভুভক্তির সব দিকগুলোও মুছে গেছে মৃত্যুতে, ধুয়ে গেছে বন্যার জলে। মানুষের অবহেলা সইতে সইতে প্রকৃতি একদিন রুষ্ট হয়। মানুষও তেমনি রাজনীতি ও সময়ের অত্যাচার সইতে সইতে প্রকাশ করে তার রাগ-দুঃখ-অসহায়তাকে। কখনো রাজনীতির কূট চালে সৎ মানুষ হয়ে যায় আসামী, আবার কখনো সমাজের নিরন্তর অবহেলা ও শোষণ সইতে সইতে মানুষের কুঁড়েমি হয়ে ওঠে তার প্রতিবাদের ধরন।

গুজরাতি লেখক জাঁভেরচাদ মাখানির লেখা ছোটগল্প 'আসামি'। দলের নেতাকে মারার প্রতিবাদে দলেরই এক সাধারণ কর্মী বিরোধী পক্ষের সঙ্গে মারপিটে জড়িয়ে পড়ে এবং জেলে যায়। জেলে যাবার আগে আসামী তার নেতার কাছ থেকে যে প্রতিশ্রুতি পায় তাতে তার মনে বিশ্বাস জাগে তার কয়েদবাসের মেয়াদ অল্পই হবে। কিন্তু জেলে ঢুকে ওয়ার্ডেনের কড়া ব্যবহারে সে ক্রমশ বুঝে যায় তাকে আরো বাকি আসামীর মত নিয়ম মেনেই চলতে হবে। সে বুঝে যায় নেতার প্রতিশ্রুতি যেমন ফাঁপা ছিল তেমনই ফাঁপা ও আবেগময় ছিল তার দলের সহকর্মীদের নানা সান্ত্বনাবাক্য। সশ্রম কারাদণ্ডের নিয়ম মানতে আসামীর কষ্ট হয় কিন্তু তার আত্মমর্যাদা বোধ তাকে নত হতে দেয় না। তাই কষ্ট স্বীকার করেই সে নিজের ভাগের কাজটুকু করে যায় - তা সে খালি গায়ে বরফ কারখানার কাজই হোক বা চামড়া কারখানার কাজ। ক্রমশ সে নিজের দোষকে সাদা চোখে দেখতে শেখে, বীরত্বের চশমা দিয়ে নয় - যা তার দলের লোকেরা তাকে বুঝিয়েছিল জেলে ঢোকার সময়ে। তার অহংবোধই তার মোহভঙ্গ ঘটায়। আসামীর আত্মমর্যাদাবোধ তাকে কষ্ট করতে শেখায়। সে আপস করে না তার কাজের সঙ্গে। তার চরিত্রের এই দৃঢ়তা মুগ্ধ করে জেলের দারোগাকে। আসামীর বুকের চাকতির সংখ্যা ছাপিয়ে ব্যক্তিগত অনুভূতির সেতু গড়ে ওঠে দারোগা ও আসামীর মধ্যে।

জেলে আসামির সঙ্গে দেখা করতে আসে তার বৌ। আসামি ও তার বৌ দুজনেই দুজনকে মিথ্যা বলে যে নেতার প্রতিশ্রুতি মত তারা ভালো আছে। নেতা যে দুজনকে ঠকাচ্ছে তা তাদের কথায় বোঝা যায় কিন্তু তারা পরস্পরকে মিথ্যা বলে সুখী করতে চায়। তারপরেই জেলের কয়েদীরা মিলে জেল পালানোর ষড়যন্ত্র করে। কিন্তু আসামি পালায় তো নাই বরং খোলা দরজা ওয়ার্ডেনকে বন্ধ করে দিতে বলে। কারণ শনিবার তার কাছে অশুভ সে শনিবারে কোন পদক্ষেপই আর নেবে না। আপাতভাবে যে রাগী, গুন্ডা আসামি তার এ আচরণে ওয়ার্ডেনের আসামিকে ছেলেমানুষ বলে মনে হয় এবং আসামির সংখ্যা ছাপিয়ে ওয়ার্ডেনের সঙ্গেও গড়ে ওঠে এক ব্যক্তিগত অনুভূতির সম্পর্ক। এই সম্পর্ককে ভিত্তি করেই ওয়ার্ডেন একদিন আসামিকে তার অসুস্থ বৌকে দেখতে যাবার অনুমতি দেয় সন্ধ্যের আগে - কয়েদিসংখ্যা গুনে মেলানোর আগে ফিরে আসার শর্তে। আসামি যায় এবং সন্ধ্যে হলেও ফিরে আসে না। ওপরওয়ালার ধমকে

ওয়ার্ডেন নিজের পদত্যাগ পত্র লেখে। সই করার পূর্বমুহূর্তে ফিরে আসে আসামি। ওয়ার্ডেন বোঝে আসামির পরিচয় যতই আইনের চোখে আসামি হোক না কেন প্রকৃত বীর কখনো সত্যভঙ্গ করে না। এ বীরত্ব বাইরে থেকে আরোপিত নয়, এ তার অস্তিত্বের অঙ্গ।

জানা যায় নেতাকে খুন করেছে আসামি। যে নেতা তাকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়েছে। বৌকে সাহায্য করার ছলে সর্বনাশ করেছে সেই নেতাকে আসামি খুন করেছে। কিন্তু বাইরে প্রচারিত হয় টাকার হিসেবের মতানৈক্য ঘটায় আসামি খুন করেছে নেতাকে। আসলে এই ধরনের নেতারা মিথ্যাকে সম্বল করেই চলে, কিন্তু বাইরে সাধু সেজে থাকে। সমাজও এই নেতাদেরই বিশ্বাস করে, প্রকৃত সৎ মানুষকে নয়।

নেতাকে খুন করার অপরাধে আসামির ফাঁসির হুকুম হল। ছুটে এল জেলে আসামির বৌ। সে দাবি করল নেতাকে খুন করেছে সেই। আসামি ও তার স্ত্রীর পরস্পরকে বাঁচানোর জন্য মিথ্যাভাষণে অস্পষ্ট থেকে গেল প্রকৃত অপরাধী কে কিন্তু স্পষ্ট হয়ে গেল আসামি বলে দেগে দেওয়া মানুষটির প্রকৃত পরিচয়।

ফাঁসির আসামিকে ধর্মের বাণী শোনাতে আসে ধর্মগুরু। আন্তরিকতাহীন একই প্রার্থনার যান্ত্রিক পুনরাবৃত্তিতে আসামি বিরক্ত হয়। তথাকথিত ধর্মবাণী তাকে সান্ত্বনা যোগায় না। আসলে জেলের এই রুটিনমাফিক ধর্মবাণীও তো এই সমাজের গড়ে তোলা বিচার ব্যবস্থারই অঙ্গ। যে বিচারব্যবস্থা প্রকৃত অপরাধীকে চিহ্নিত করতে পারে না, সেই বিচারব্যবস্থার ধর্মবাণী মানুষকে প্রকৃত অর্থে উদ্ধার করতে চায় না, শান্তি দিতেও পারে না। আসামি প্রত্যাখ্যান করে সেই ধর্মবাণীকে।

আসে ফাঁসির পূর্বমুহূর্ত। ওয়ার্ডেন জানতে চায় আসামির শেষ ইচ্ছা। আসামি জানায় তার শেষ ইচ্ছার কথা। ওয়ার্ডেনের জ্বালিয়ে দেওয়া দেশলাইয়ের আগুনে সে তার জীবনের শেষ ধূমপানের সাধ মেটাবে। ওয়ার্ডেন তাই করে। "ওয়ার্ডেন দেশলাই জ্বালিয়ে বাচ্চার মুখে ধরা বিড়িতে কাঠি ঠেকায়। বিড়ি জ্বলে ওঠে, বিড়ির ধোঁয়ার ভিতর দিয়ে চার চোখ পরস্পরকে দেখতে থাকে। ধোঁয়ার কুন্ডলী আস্তে আস্তে ওপরে ওঠে। জেলের মিনার থেকে অন্তিম সময়ের ঘন্টা বাজে।"

স্বয়ং গান্ধীজীর কাছ থেকে 'রাষ্ট্রীয় শায়র' জাতীয় লেখক উপাধি পাওয়া সমাজসংস্কারক লেখক বুঝিয়ে দেন রাজনীতির মিথ্যা প্রতিশ্রুতিতে সৎ মানুষ আসামি হয়ে যায় যে বিচারব্যবস্থায় সেই ব্যবস্থার জেল আসামিকে মানুষ বলে মনেই করে না, তাকে সংশোধনও করে না। বরং ঠেলে দেয় ফাঁসিকাঠের দিকে।

লেখক জাভেরচাঁদ মেঘানির প্রথম উল্লেখযোগ্য কাজ হল রবীন্দ্রনাথ ঠাকুরের 'কথা ও কাহিনীর' অনুবাদভিত্তিক কাজ 'কুরবানি-নি-কথা' (আত্ম-বলিদানের কথা)।

রবীন্দ্রদর্শনের অনুরাগী লেখকের তাই হয়তো বিশ্বাস, মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ। তাই দেখি ওয়ার্ডেন জেলের অপরাধ, অবিশ্বাসের মধ্যে বাস করেও মানুষের প্রতি বিশ্বাস হারায় না। প্রথামত যান্ত্রিক ব্যবস্থার মধ্যে থেকেও ওয়ার্ডেন যন্ত্র হয়ে যায় নি। আসামির জন্য তার এখনও দুঃখবোধ হয়। আসামিকে নিজে হাতে দেশলাই জ্বেলে বিড়ি খাওয়াবার মত নিয়মবিরুদ্ধ কাজ করে সে। এমনকি নিজের চাকরির ঝুঁকি নিয়েও সে আসামির ব্যক্তিগত জীবনের দুঃখবোধে সামিল হয়। গল্পের শুরুতে আসামিকে বেনিয়মে সাহায্য করার জন্য নেতা তাকে ঘুষের প্রস্তাব দিয়েছিল। তখন সে সেই ঘুষের টাকা আগুনে পুড়িয়ে ফেলেছিল। অথচ গল্পের শেষে সেই ওয়ার্ডেনই কোনরকম ঘুষ বা চাপের প্ররোচনা ছাড়াই আসামির পাশে এসে দাঁড়ায়। বড়ো হয়ে ওঠে মানবতা।

মানবতা কিভাবে মানুষের মধ্য থেকেই নিঃশেষে মুছে যায় তার আশ্চর্য কাহিনী শোনালেন উর্দু ও হিন্দি সাহিত্যের খ্যাতনামা লেখক ধনপত রাই শ্রীবাস্তব ওরফে মুন্সী প্রেমচন্দ, তাঁর বিখ্যাত গল্প 'কফন' এ - কফন অর্থাৎ মৃতদেহকে ঢাকার নতুন কাপড়।

শীতের রাতে প্রসববেদনায় ছটপট করতে করতে চামার বৌ বুধিয়া মরতে চলেছে। আর বাইরে উঠোনে নেভা আগুনের সামনে তার স্বামী মাধব ও শ্বশুর ঘিসু আলু পোড়াচ্ছে আর বুধিয়ার আসন্ন মৃত্যুর অপেক্ষা করছে। দুজনেই দুজনকে বলছে বুধিয়াকে একটু দেখতে যেতে কিন্তু আলু পোড়া বেহাত হবার ভয়ে কেউ উঠছে না। অথচ মুখে নিজের স্বার্থের কথা স্বীকার করছে না। মাধব বলছে, "আমি যে তার কাতরানি, ছটফটানি, হাত-পা ছোঁড়া সইতে পারি না।" আর ঘিসুর যুক্তি, আমায় দেখে লজ্জা পাবে না? আমায় দেখতে পেলে সে সহজভাবে হাত-পাও ছুঁড়তে পারবে না।" আসলে ওরা দুজনে স্বভাবতই কুঁড়ে। যে গাঁয়ে এদের বাস তা চাষীর গাঁ, কাজ করতে চাইলে কাজের অভাব নেই। কিন্তু মাধব-ঘিসুরা দেখেছে প্রাণপণ খেটেও চাষীদের অবস্থা ওদের চেয়ে খুব বেশী ভালো নয়। মুনাফাবাজদের চাপে, দীর্ঘদিনের প্রতিকারহীন শোষণে পরিশ্রমী চাষী ও কুঁড়ে ঘিসু-মাধবের অবস্থা আলাদা কিছু নয়। অন্তত এইটুকু সান্ত্বনা ঘিসু-মাধব উপভোগ করে যে তাদের নিরীহ অসহায়তার সুযোগে তাদের পরিশ্রমের ফল অন্য কেউ লুটে নিতে পারে না। তাই বুঝি তারা পরিশ্রমই করে না। সীমাহীন দারিদ্র্য যেন তাদের লড়াই করার শক্তিটুকুও নিয়ে নিয়েছে। নিজেদের অকর্মন্যতা দিয়েই যেন তাদের জীবনে ঘটে চলা শোষণের প্রতিবাদ করে তারা। তাই ঋণ জর্জরিত থেকেও সাংসারিক চিন্তা-ভাবনা থেকে তারা মুক্তই থাকে। তাদের সব আবেগ পরাজিত হয়েছে ক্ষুধার হাতে। ঘরের বউ প্রসব বেদনায় মরতে চললেও আসন্ন মৃত্যুকে ছাপিয়ে ক্ষুধাই বড় হয়ে উঠেছে।

প্রত্যাশা মতই বুধিয়া মারা গেল। বাপ-ছেলে চোখের জলে আর বিলাপ সম্বল করে গেল জমিদারের কাছে। দ্বিধাহীনভাবে জমিদারকে জানাল সারারাত ধরে ছটফট করতে

থাকা বুধিয়ার সেবা করে, সাধ্যমত ওষুধপত্র দিয়েও তাকে বাঁচাতে পারেনি তারা। এখন তাদের এমন অবস্থা যে মৃত বুধিয়ার শেষকৃত্যও সম্ভব নয় জমিদারের দয়া ছাড়া। নিজেদের সুবিধার জন্য মৃত্যুর প্রেক্ষিতে দাঁড়িয়েও মিথ্যা বলতে দ্বিধা নেই এদের। জমিদার যেমন এদের ঠকায় মাধব-ঘিসুর এই ঠকানো যেন তারই উল্টোপিঠ। কেবল জমিদার নয় গ্রামের সবার কাছ থেকেই মাধব-ঘিসু টাকা ছাড়াও চাল-ডাল-কাঠ বাঁশ জোগাড় করে নিল মিথ্যা বিলাপ দিয়ে। বাকি থাকল মৃতদেহ আচ্ছাদিত করার নতুন কাপড় অর্থাৎ কফন কেনা। জোগাড় হওয়া পাঁচ টাকা নিয়ে ঘিসু-মাধব চলল কফন কিনতে।

বাজারে পৌঁছে এ দোকান ও দোকান ঘোরাঘুরি করতে করতে ঘিসু-মাধবের মনে হল কফন কেনা তো অপচয়। একে তো রাতের বেলা কে যে কফন চেয়ে দেখবে তার ঠিক নেই, তায় আবার কফন তো পুড়েই যাবে। তাদের মনে হল কফন কেনা ধনীদেরই মানায়। কারণ ধনীদের ওড়াবার মত অনেক পয়সা আছে। তারা নিতান্ত দরিদ্র। মৃত মানুষের জন্য কফন কিনে তা পুড়িয়ে ফেলা তাদের পক্ষে অপচয়ই। তারা নিজেরাই তো এখনও বেঁচে আছে তাদের সমস্ত ক্ষুধা-তৃষ্ণা-লোভ-লালসা নিয়ে। এইসব যুক্তির হাত ধরে তারা অবধারিত ভাবে পৌঁছে গেল ভাটিখানায়। মদ্যে-খাদ্য ফুরিয়ে গেল কফন কেনার টাকা। কখনও অপরাধ বোধে, কখনও সমাজের কাছে জবাবদিহির ভয়ে, কখনো আন্তরিক আবেগে মাধব তার মরে যাওয়া বৌ-র প্রতি নিজেদেরই করা অন্যায়ের জন্য কষ্ট পেতে লাগল। প্রতারণা করার জন্য ভয় পেতে লাগল। কিন্তু ঘিসু তার দীর্ঘ জীবনের অভিজ্ঞতার জোরে যেন অনেক বেশী প্রত্যয়ী। সে ভয় তো পায়ই না বরং এটাই মনে করে যে, তাদের দীর্ঘ অনাহার যে বৌর মৃত্যুর বিনিময়ে দূর হয়েছে সে বৌ নিশ্চিত ভাবেই স্বর্গে যাবে। এমনকি ঘিসুর দৃঢ় বিশ্বাস বুধিয়া কফন পেয়েই স্বর্গে যাবে। অন্য মানুষের মানবিক বোধের সদব্যবহার করেই তারা একবার কফন কেনার টাকা পেয়েছে। আবারও মানুষ সেই মানবিকতার জন্যই টাকা পুনরায় না দিলেও কফনই কিনে দেবে। সারাজীবন ধরে প্রতারিত, বঞ্চিত হয়ে চলা ঘিসু নিজের স্বার্থসিদ্ধির জন্য অন্য মানুষের মানবিকতার সুযোগ নিতে চায় সচেতনভাবেই। তাই বুঝি কফন কেনার টাকায় ঘিসু-মাধব পেট পুরে খায়, আকণ্ঠ মদ গেলে। কফন কেনাও হয় না, মৃতদেহের সৎকারের ব্যবস্থাও হয় না। ঘিসু-মাধবরা যে তাদের সমস্ত মানবিক গুণকে তাদের বেঁচে থাকার মূল্যে নষ্ট করে ফেলেছে।

মানবতা এক আশ্চর্য সম্পদ। বারবার সে ধ্বস্ত হয়, বারবার প্রশ্নচিহ্নের মুখে পড়ে তার অস্তিত্ব। তবু আগুনের পাখি ফিনিক্সের মতই সে বেঁচে ওঠে বারবার, বাঁচিয়ে তোলে মানুষকে, বাঁচায় মানবতার প্রতি মানুষের বিশ্বাসকে। আর এই বিশ্বাসের জোরেই লেখকেরা মানবতার কাছে ফিরে যায় বারবার কাহিনীর মেরুদণ্ডের খোঁজে।

তামিল লেখক ধন্ডপানি জয়কান্তনের লেখা 'দিনের বেলার একটি প্যাসেঞ্জার ট্রেনে
ছোট গল্পে মানবতাই হয়ে ওঠে কেন্দ্রীয় শক্তি। গল্পের কেন্দ্রীয় চরিত্র আম্মাশি তা
আঠারো বয়সে প্রথম বিশ্বযুদ্ধে যোগ দিয়েছিল। লেখক জানাচ্ছেন 'পচে যাওয়া
ভারতীয় সমাজের দ্বারা ধিক্কৃত তার জাতের জীবনের দৈর্ঘকে ঘৃণা করে''ই আম্মাশি
তার গ্রাম ত্যাগ করতে চেয়েছিল এবং গ্রাম ত্যাগ করতে চেয়েই যুদ্ধে যোগ দিয়েছিল
যুদ্ধ ফেরত সৈনিকের অভিজ্ঞতা তার গ্রামের লোকের কাছে যতটা না সমাদর পেল তার
চেয়ে বেশি পেল বিদ্রূপ। পড়শিদের থেকে বিচ্ছিন্ন হয়ে থাকা আম্মাশি দ্বিতীয় বিশ্বযুদ্ধে
যাবার সুযোগ পেয়ে বুঝি তাই বর্তে গেল। আবারও সে রওনা হয়ে গেল যুদ্ধক্ষেত্রে
এবার তাকে ফিরতে হল যুদ্ধ শেষ হবার আগেই। যুদ্ধে গুলি খেয়ে আর সে খাড়া হয়ে
'অ্যাটেনশান' ভঙ্গিতে দাঁড়াতে পারে না, কেবলই কাঁপে তার শরীর। যুদ্ধক্ষেত্রে
প্রতিমুহূর্তে মৃত্যুর আশঙ্কার সঙ্গে তার পরিচিতি ছিল, কিন্তু এখন অকেজো হয়ে যাওয়া
জীবনটা বয়ে বেড়ানো অসাধ্য হয়ে উঠল। যুদ্ধে অভ্যস্থ এক সৈনিকের দৃষ্টিভঙ্গীতে সে
জীবনটাকে দেখল। যে যুদ্ধের প্রয়োজনেই লাগে না সে বুঝি জীবনের পক্ষেই
অব্যবহার্য। নিজের বস্তিতেই তাকে ফিরতে হল কিন্তু তখন কেউ ছিল না সেখানে যে
তাকে অভ্যর্থনা করবে। ব্যক্তির অনুভবের অভাব তাকে হতাশ করল। আজ তার মনে
পড়ল তার মা তাকে চাষবাস করে, বিয়ে করে সংসারী হতে বলেছিল। সেদিন তার
যৌবন ছিল, হাতে সময় ছিল। কিন্তু তখন সমাজের ঘৃণার চাপে জীবনের চাহিদাগুলো
সে বুঝতেই পারে নি, গুরুত্বও দেয় নি। বরং যৌবনেরই তেজে সে জীবনটাকে বয়ে
যেতে দিয়েছিল মৃত্যুর দিকে। আজ জীবন-যৌবনের সেরা সময়টুকু নষ্ট হয়ে যাবার পর
সে জীবনের মহত্ব অনুভব করতে পারল। আত্মীয়তার বন্ধন উপেক্ষা করে যুদ্ধের
উন্মাদনায় জীবনকে খুঁজতে চেয়েছিল আম্মাশি; আজ যুদ্ধক্ষেত্র থেকে পরিত্যক্ত হয়ে
জীবনের উত্তাপ সে খুঁজছে আত্মার বন্ধনের মধ্যে। তাই তার মনে পড়ে গেল তার
মাসতুতো বোন কাশাম্মু ও তার বর চভয়ান্তির কথা। কিন্তু তারা তখন সে গ্রাম ছেড়ে বাস
করে পাশের গ্রামে। আম্মাশি তাদের খোঁজে সেখানেই যেতে চাইল। যে গ্রামকে সে তার
যৌবনে ত্যাগ করেছে নিরাসক্ত ভাবে বারবার, আজ জীবনের শেষবারের জন্য গ্রাম
ত্যাগ করা সময় তার চোখ ছলছল করে উঠল, চিরবিদায় জ্ঞানে তার অন্তরে গ্রামের জন্য
আবেগ অনুভব করল। সে গ্রামে এসেছিল রাতের বেলা, গ্রাম ত্যাগ করার জন্য চড়ে
বসল দিনের বেলার একটি প্যাসেঞ্জার ট্রেনে।

ট্রেনেই আম্মাশি দেখল মেয়েটিকে। একটি শিশুকন্যাকে কোলে করে মেয়েটি নিজেও
ঘুমুচ্ছে। মেয়েটিকে দেখে আম্মাশির মনে হল মেয়েটি ধুঁকছে। ট্রেনে টিকিট পরিদর্শক
উঠল, মেয়েটি টিকিট দিতে না পারায় নিরাবেগে মেয়েটিকে পরের স্টেশানে নেমে
যেতে বলল। যুদ্ধ ফেরত সৈনিক আম্মাশি মেয়েটির টিকিট কেটে দিল পরিদর্শকের সঙ্গে

কথা বলে। বোঝা গেল যুদ্ধ আম্মাশির আবেগ নিঃশেষে শেষ করতে পারে নি। কিন্তু দেখা গেল, জাতপাতের যে বিভেদকে ঘৃণা করে আম্মাশি গ্রাম ছেড়েছিল জাতের সেই বিভেদবোধ তার মন থেকে একেবারে মুছে যায় নি। মেয়েটিকে দেখে তার মনে হয়েছিল ব্রাহ্মণের ঘরের বিধবা। আর তাই মেয়েটির শিশুকন্যাকে খাবার কিনে দেবার আগে নিজের জাত আর মেয়েটির অনুমতির কথা ভেবে সে থমকায়। ক্রমে সে মেয়েটিরে অনুমতি নিয়েই মেয়েটিকে ও তার শিশুকন্যাকে পাউরুটি দুধ খাওয়ায়। কারো জন্য কিছু করতে পারার আনন্দে তার মন ভরে ওঠে। একদিন যৌবনের ঝোঁকে সে মৃত্যুগন্ধী যুদ্ধে যেতে আনন্দ পেয়েছে, আজ কারো জন্য কিছু করার মধ্যে কারো প্রাণ বাঁচানোর চেষ্টার মধ্যে সে আনন্দ খুঁজে পাচ্ছে।

মেয়েটির ইতিহাস ক্রমশ আম্মাশির জানা হয়ে গেল। গরিব ঘরের বামুন মেয়ে, অল্পবয়সে শিশুকোলে বিধবা হয়েছে। বামুন ঘরের মেয়ে বলেই সে তার জীবনটাকে অন্য ভাবে ব্যবহার করতে পারলো না এই আক্ষেপ মেয়েটির গলায় ঝরে পড়তে থাকল। সারাজীবন জাতের শুচিতা রক্ষা করে সে আজ মরতে বসেছে অথচ আজ অচেনা অজানা কোন জাতের মানুষের হাতে দুধ তো সে খেল। তবে সারাজীবনের শুচিতার কি আদৌ কোনো প্রয়োজন ছিল—মেয়েটির এ প্রশ্ন যেন আম্মাশিকেও আলোড়িত করল।

ক্ষয়রোগ জর্জরিত মেয়েটি আম্মাশির সঙ্গে কথা বলতে বলতেই কাসল, রক্তবমি করল, ট্রেনের সিটে শুয়েই মরে গেল। মরে যাওয়ার আগে নিজের সৎকারের দায়িত্ব এবং শিশুকন্যার ভার আম্মাশিকে দিয়ে গেল। যুদ্ধক্ষেত্রের বহু মৃত্যু দেখা পোড় খাওয়া সৈনিকের চোখও শুকনো থাকলো না।

স্কুল লেভেলের বামপন্থী রাজনীতিতে যোগদানের জন্য বাড়ি ছাড়া লেখক জয়কান্তন জানাচ্ছেন,'... আম্মাশি তার মায়ের বেলায় যে চরম ক্রিয়া করতে পারেনি এখন এই মহিলাটির জন্য করল। তার জীবনে হঠাৎ কুড়িয়ে পাওয়া ধনের মতো বাচ্চাটিকে বুকের সঙ্গে জড়িয়ে ধরে।' বাচ্চাটিকে নিয়েই আম্মাশি শুরু করল তার নতুন জীবন। এক স্বজনের খোঁজে সে ট্রেনে উঠেছিল মাসতুতো বোনের কাছে যাবার উদ্দেশ্যে। সম্ভবত সেই গন্তব্যের উদ্দেশ্যেই সে আবার প্যাসেঞ্জার ট্রেনে উঠল, সঙ্গে বাচ্চা মেয়েটি। সহযাত্রিনী মেয়েটির পরিচয় জানতে চাইলে নিঃসন্তান আম্মাশি নির্দ্বিধায় মেয়েটিকে নিজের নাতনি বলে পরিচয় দিল। আর নিজেই মেয়েটির নামকরণ করল 'পাপ্পাত্তি'। পাপ্পাত্তি মানে বামুনের মেয়ে। লক্ষণীয় মেয়েটির মায়ের নিজের জাতের বিরুদ্ধে অভিযোগ ছিল। আম্মাশির নিজের সমাজের প্রতি বিতৃষ্ণা ছিল জাতপাতের বিভেদের কারণেই। তবু এই সমাজকে সেই জাতের প্রশ্নেই যেন বিদ্ধ করতে চাইল আম্মাশি মেয়েটির জাতভিত্তিক নামকরণের মধ্য দিয়ে।

লেখক দেখালেন সমাজের মেরুদন্ড মানুষ আর মানুষের মেরুদন্ড তার মানবত
আঠারো বছর বয়স থেকে যুদ্ধে লিপ্ত একজন তার জীবনের মানসিক আশ্রয় খুঁজে পে
এক অনাত্মীয় শিশুর মধ্যে। লোকটি নিজে ছিল নীচু জাতের। কিন্তু পথের বিপদ, মৃত্যু
অভিঘাত তাকে তার জাত মনে করিয়ে থামতে দেয় নি। সে নিজে ব্রাহ্মণের মেয়ের শে
আশ্রয় হয়ে উঠেছিল, ব্রাহ্মণের মেয়ের সৎকার করেছিল। জাতের সংকীর্ণতার উ
উঠেছিল তাদের সম্পর্ক। জাতপাতের তথাকথিত উচ্চ-নীচ ভেদাভেদ নিশেষে ধ্বা
করতে পারেনি মানবতাকে।

মারাঠি লেখক ভেঙ্কটেশ মাডগুলকার সমাজবাস্তবতাকে ছোটগল্পে নিয়ে এলে
একেবারে ভিন্ন আঙ্গিকে। সবলের অত্যাচার, দুর্বলের কান্না, দুর্নীতিগ্রস্থ প্রশাসন সবকি
যখন বাঁধাগতে চলবেই তখন যেন নিপীড়িতের একমাত্র সহায় কোনো অলৌকিকত
'ভোজবাজি' গল্পে লেখক যেন তারই ইঙ্গিত দিলেন।

গ্রামের নাপিত পরিবারের সকালের ঘুম ভাঙ্গল এক অলৌকিক কান্ডের জোরে। ব
ছেলে বন্ডার মা মরা মেয়ে কোন্ডির খোঁপা কে যেন তার ঘুমের মধ্যে কেটে ফেলেছে
নিপুনভাবে। কোন্ডির ঠাকুমা প্রথমেই দোষ দিলেন ছোট ছেলে বাপুর বৌকে। দোষে
মধ্যে বাপুর বৌ ভাসুর বন্ডার প্রতিপত্তি সহ্য করতে পারে না, তাই সে সংসার আলা
করেছে, উঠোনের মধ্যিখানে দেওয়াল তুলেছে। কিন্তু বাপুর বৌর কান্নাকাটির মধ্যে
দেখা গেল ভাঁড়ার ঘরে জিনিসপত্র উল্টে ছত্রখান হল, জোয়ারের বস্তায় আগুন লে
গেল। সারা গ্রাম ছুটে এল নাপিত বাড়িতে অলৌকিক ভোজবাজি দেখতে।

দুপুর নাগাদ বাড়ি ফিরল বাড়ির বড় ছেলে বন্ডা। সে শুধু নাপিতই নয়, আশেপাশে
গ্রাম জুড়ে ছড়িয়ে আছে তার বিরাট মহাজনী কারবার। যৌবনে কুস্তি লড়া চেহারায় তা
মনের জোরও সাঙ্ঘাতিক। অলৌকিক ভোজবাজির উৎপাতে একটুও বিচলিত না হয়ে
সে শান্তভাবে মাকে সংসারের দৈনন্দিন কাজকর্ম শুরু করতে বলল, ছেলে কোন্ডেকে
মোষ চরাতে যেতে বলল। সংসার বুঝি আবার তার দৈনন্দিন নিয়মে চলতে শুরু করল
এমন সময়ে বাড়ির উঠোনে পড়ল মুঠো ভরা পাথর। পাথরের ঘায়ে উঠোনে বাঁ
মোষের বাছুর মাটিতে পড়ে ছটফট করতে শুরু করল, রান্নাঘরের হাঁড়ি ভেঙে গেল
সবাই যখন আবার ভয়ে কাঁপতে শুরু করল বন্ডা স্থির করে নিল তার কর্তব্য। বুঝে গে
তার গন্তব্য। চার-পাঁচ মাইল দূরে ধোন্ডি লেংরার বাড়ি চলল সে।

ধোন্ডি লেংরা বন্ডার এক খাতক। ধার নিয়েছিল পাঁচশ টাকা। সে টাকা শোধ করতে না
পারায় মহাজন বন্ডা ধোন্ডির হাজার টাকার জমি দখল করেছে। মহাজনের হাত থেকে
জমি উদ্ধার করতে না পেরে ধোন্ডি তার পোষা প্রেতাত্মাকে বন্ডার বিরুদ্ধে প্রয়োগ
করেছে। ধোন্ডি নাকি এই প্রেতাত্মাকে কোকন থেকে অনেক টাকা খরচ করে এনেছে
তাকে শিকারী কুকুরের মতো পোষে ও তুকতাকের মাধ্যমে তাকে চালায়। বন্ডাও জানে

ওর কথা, তাই সে ধোন্তিকে তার প্রেতাত্মাকে ফিরিয়ে নিতে বলে। বলা বাহুল্য ধোন্তি রাজী নয়। বন্তাও ধোন্তির জমি ফেরাতে রাজী নয়।

ধোন্তির কাছ থেকে বাড়ি ফিরে বন্তা শুনল তাদের মোষের দুধ শুকিয়ে গেছে। সেরাত্রে মাঝরাতে পাথর পড়ল উঠোনে, মোষের জাবনায় আগুন লেগে গেল। ঘুম থেকে উঠে বন্তা দেখল তার পরনের ধুতি কালো চেরা দাগে ভরে গেছে। বন্তা রওনা হল মহকুমা শহরের উদ্দেশ্যে। ধোন্তির কাছে সে হেরে যাবে, আর তার প্রভাব-প্রতিপত্তি সব নষ্ট হয়ে যাবে, গ্রামের লোকেরা তাকে দয়া দেখাবে এ ভাবনা তাকে স্থির থাকতে দিল না। বন্তা এসে পৌঁছোল পরিচিত পুলিশ অফিসারের বাড়ি। তাকে উৎকোচ দিয়ে রাজী করল ধোন্তিকে শায়েস্তা করতে। অফিসার খানিকটা অবিশ্বাসের সঙ্গেই বন্তার বাড়ি এলেন প্রেতাত্মা দেখবেন বলে। অফিসারের পায়ের পাতার কাছে এসে পড়ল এমন বড় পাথর যা দুহাত দিয়েও তোলা যায় না। অফিসারের চোখের সামনেই নাপিতের বাড়ি জ্বলতে শুরু করল।

অফিসার বন্তার কাছ থেকে টাকা নিয়েছিল। তাই তিনি চললেন ধোন্তি লেংরাকে শায়েস্তা করতে। কিন্তু চারজন পালোয়ান দিয়ে ধোন্তিকে মার খাইয়েও ধোন্তির গায়ে একটু দাগ ফেলতে পারলেন না। ধোন্তি অফিসারকে জানিয়ে দিল, '... পরামানিক ভালোয় ভালোয় আমার জমি ছেড়ে দিক। সে ফেরত না দেওয়া পর্যন্ত আমি ছাড়ছি না। তুমি মাঝখানে এসো না।' বন্তার বাড়ির অভিজ্ঞতার প্রত্যক্ষতায় অফিসার ধোন্তিকে ছেড়ে দিলেন।

মহারাষ্ট্রের গ্রামে বেড়ে ওঠা লেখক ভেঙ্কটেশ মাডগুলকার গ্রামজীবনকে চিনতেন নিবিড়ভাবে। তাঁকে তাঁর ভক্ত-প্রিয়জনেরা ডাকত 'তাতিয়া' বলে যার অর্থ বৃদ্ধ বা মহান বৃক্ষ। কিশোর বয়সে স্বাধীনতা সংগ্রামে যুক্ত হওয়া মাডগুলকার স্বাধীনতা উত্তর পর্বে অল ইন্ডিয়া রেডিওর গ্রামীণ অনুষ্ঠান বিভাগে কাজ করেন প্রায় চল্লিশ বছর ব্যাপী। তাঁর সেই অভিজ্ঞতাই বুঝি ধরা পড়েছে 'ভোজবাজি' গল্পের গ্রামীণ সমাজকাঠামোয়। যেখানে বন্তা একই সঙ্গে ধনী নাপিত, মহাজন, দুধের কারবারি আর ধোন্তি লেংরা দুজনেই নির্ধন নিঃসহায় মানুষ। আবার এই ধনী বন্তাই অফিসারের বাড়িতে গিয়ে একাসনে বসার অধিকার পায় না, অফিসারের ঘোড়ার পিছু পিছু ছুটতে বাধ্য হয় এবং বিদ্রূপের পাত্র হয় অফিসারের কাছে। সমাজের উঁচু-নীচু ভেদ যে সমাজের সর্বস্তরে তীব্র সক্রিয় সে সমাজে শাসন বুঝি অকেজো হয়ে পড়ে। তাই বন্তা মহাজনি কারবার চালায়, খাতকের জমি অন্যায় ভাবে গ্রাস করে আবার সেই অন্যায়কে চালিয়ে যেতে পারার জন্য অফিসারকে ঘুষ দেয়। ধনী, শক্তিশালী বন্তার এই দৌরাত্ম্যকে বুঝি একমাত্র ভোজবাজিই বাগে আনতে পারে। সমাজ কাঠামোর সামাজিক শাসন যেখানে ব্যর্থ হয়

সেখানে নাম না জানা অতি প্রাকৃত শক্তি ভোজবাজির মতই কাজ করে। সর্বহার
মানুষের মুক্তি বুঝি ভোজবাজির দ্বারাই সম্ভব হয়।

ভারতবর্ষের নানা প্রদেশের নানাভাষী লেখকের কলমে উঠে এসেছে মানুষের ভালো ন
থাকার ছবি। লেখকদের প্রাদেশিক ভাষা আলাদা আলাদা কিন্তু মানুষের জন্যে তাঁদে
অনুভবের সুর এক। গল্পের মিছিলে তাঁদের স্বপ্ন একটাই -- মানুষ ভালো থাকবে
অনুভবী কথাকারের অনুভবের হাত ধরে ভাষার ভিন্নতাকে আমরা অতিক্রম করি
সমাজ-পারিপার্শ্বিকতার ভিন্নতাও এখন অন্তরায় হয়ে থাকে না। কথাকারের স্বপ্ন বুঝি
তখনই চারিয়ে যায় পাঠকের মনেও -- সব মানুষকে সমান ভালো রাখতেই হবে
গল্পগুলি আর তখন নিছক গল্প থাকে না, হয়ে যায় স্বপ্নমিছিল।।

তথ্যসূত্র ও ঋণস্বীকার ঃ

১) বিজয়উৎসব/কালিন্দীচরণ পানিগ্রাহী/ভারতজোড়া গল্পকথা/ সংকলন ও সম্পাদনা
রামকুমার মুখোপাধ্যায় / পৃঃ ৫৬/ মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রা. লি./২০১৪
২) বন্যা/তাকাশি শিবশঙ্কর পিল্লাই/পৃঃ ২৭২/ঐ
৩) আসামি/জ্ঞাভেরচাঁদ মাখানি/পৃঃ ১২১/ঐ
৪) কফন/ প্রেমচন্দ/পৃঃ ২৯৩/ঐ
৫) কফন/প্রেমচন্দ/পৃঃ২৯৪/ঐ
৬) দিনের বেলার একটি প্যাসেঞ্জার ট্রেনে/ধন্ডপানি জয়কান্তন/পৃঃ ১৪৬/ঐ
৭) দিনের বেলার একটি প্যাসেঞ্জার ট্রেনে/ধন্ডপানি জয়কান্তন/পৃঃ ১৫৪/ঐ
৮) ভোজবাজি/ভেঙ্কটেশ মাডগুলকার/পৃ ২৪৫/ঐ

অনুবাদক ঃ

১.	বিজয় উৎসব	এষা দে
২.	বন্যা	মহাশ্বেতা দেবী
৩.	আসামি	সরোজিনী প্যাটেল ও মিলি সমাদ্দার
৪.	কফন	রামবহাল তেওয়ারী
৫.	দিনের বেলার একটি প্যাসেঞ্জার ট্রেনে	সুব্রাহ্মনিয়ন কৃষ্ণমূর্তি
৬.	ভোজবাজি	মাধুরী সিংহ

ব্যবহৃত website

১. https://en.wikipedia.org/wiki/kalindi-charan-panigrahi
২ https://en.wikipedia.org/wiki/Thakazhi-Shivasankara-Pillai
৩ https://en.winipedia.org/wiki/Jhaverchand-Meghani
৪ https://en.wikipedia.org/wiki/Premchand
৫ https://en.wikipedia.org/wiki/Jayakanthan
৬ https://en.wikipedia.org/wiki/Vyankatesh-Madhulkar

পঞ্চাশের মন্বন্তরের বিপর্যয় ও মুক্তির সন্ধানে বাংলা কবিতা

ডঃ মমতাজ বেগম
বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

[বিষয় চুম্বকঃ- বাংলা কবিরা পঞ্চাশের মন্বন্তরে কিভাবে প্রভাবিত হয়েছিলেন এবং তা থেকে মুক্তির উপায় অন্বেষণ করেছিলেন সেটা দেখানোই এই প্রবন্ধের মূল লক্ষ্য বা উদ্দেশ্য। সময় ও সমাজের দর্পন হল সাহিত্য, লেখকের মন ও মনন সমসাময়িক প্রাকৃতিক-সামাজিক রাজনৈতিক-অর্থনৈতিক কোন বিপর্যয়কেই উপেক্ষা করতে পারে না। সাহিত্যের জন্ম হয় সমস্যা ও বিপর্যয় থেকে কিন্তু শেষ হয় তা থেকে মুক্তির বার্তা দিয়ে। পঞ্চাশের (১৩৫০) মন্বন্তরের পরিপ্রেক্ষিতে সৃষ্টি হয়েছে অজস্র উপন্যাস, গল্প, নাটক, প্রবন্ধ ও কবিতা। সরকারী ও বেসরকারী রিপোর্ট অনুযায়ী জানা যায় সাইক্লোন, বন্যা বিভিন্ন কারণে ধাননষ্ট, বিশ্বযুদ্ধ, জাপানীরা, কালোবাজারী সরকারের পোড়া মাটি নীতির কারণে মানুষ না খেতে পেয়ে বাসস্থানহীন হয়ে, অখাদ্য কুখ্যাদ্য খেয়ে পথে পথে ঘুরে বেড়িয়েছে। ১৯৪৩ সালে প্রায় ৩০-৪০ লক্ষ মানুষ মারা যায়। এই পরিপ্রেক্ষিতে ১৯৪০ পরবর্তী কবিরা বাংলা কবিতার মধ্যে তুলে ধরলেন আর্থ-সামাজিক রাজনৈতিক-প্রাকৃতিক বিপর্যয়ের চিত্রকে। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন সুকান্ত ভট্টাচার্য, জীবনানন্দ দাশ, প্রেমেন্দ্র মিত্র, ফররুখ আহমদ, অমিতাভ চট্টোপাধ্যায়, রাম বসু, বীরেন্দ্র চট্টোপাধ্যায়, দিনেশ দাস, প্রমুখ অসংখ্য কবি। মন্বন্তরের হাহাকারের ছবি যেমন আঁকলেন কবিরা তেমনি তা থেকে বেরিয়ে আসার পথও অনুসন্ধান করলেন।]

কবিতা মানে ভালোবাসা, ভালোবাসার বাসরঘর অথবা অন্য কোন জগতে অন্য কোন স্থানে পৌঁছে যাবার ছাড়পত্র। প্রাত্যহিক আর্থ সামাজিক রাজনৈতিক বিষয়ে ও রহস্যের দ্বারা অন্বিত হয়ে গভীর অভেদ্যতায় মুক্তি অনুসন্ধান করে কবিতা। সমস্ত বিপর্যয়ের পরেও আমাদের কণ্ঠ উদ্ভাসিত হয় কবিতার আবেগে। সারাদিনের বিপর্যস্ত, অসহায়তা, অন্যায় অত্যাচারের পরও মানুষকে উজ্জীবিত করে কবিতা। পঞ্চাশের ভয়াবহ মন্বন্তর কবির কলমকে নতুনভাবে জাগিয়ে তুলেছিল। বাস্তবের ভয়াবহতা, মন্বন্তর, মারী, মড়ককে ছাড়িয়ে এক নতুন অভিধেয় অতিরিক্ত ব্যঞ্জনায় মুক্তি খুঁজেছিল। কবিতা এমন এক সৌন্দর্যময় ভুবন যেখানে প্রতিটি মানুষ আত্মনির্মাণের পাথেয় খুঁজে পায়, নিঃসঙ্গতার একঘেয়ে কারাগার থেকে অনির্বচনীয় আনন্দের সীমায় পৌঁছে যায়। মানব

মুক্তির এই শিল্পিত নিশানের মধ্যে পঞ্চাশের মন্বন্তর এক গভীর ছাপ রেখে গেছে লেখকদের মধ্যে কবিরা স্বভাবতই একটু বেশী স্পর্শকাতর। জাতীয় জীবনের উত্থান পতন, সমস্যা সংকট আনন্দ বেদনা তাঁদের মনকে আন্দোলিত করে বেশী। স্বাভাবিকভাবে পঞ্চাশের মন্বন্তর ও তার সঙ্গে আসা আনুষঙ্গিক বিষয় কবিতার কথাবস্তু হয়ে উঠেছে।

পঞ্চাশের মন্বন্তরে পরিপ্রেক্ষিত (সরকারী ও বেসরকারী রিপোর্ট অনুযায়ী)

বাংলায় তিনবার ধান চাষ হয় - আমন (মে - নভেম্বর), আউশ (এপ্রিল - আগষ্ট), বোরো (নভেম্বর - মার্চ)। ১৯৪২ সালে তিন ধরণের ধানের চাষের কম হয় সাইক্লোন ও অধিক বৃষ্টিপাতের ফলে।

- ধানের বিভিন্ন ধরনের রোগ, পোকার আক্রমণে ধান নষ্ট হয়।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে ১৯৪২ সালের মার্চ মাসে রেঙ্গুনের পতন হলে সেখান থেকে চালের আমদানি বন্ধ হয়। এর ফলে সমতা আনা সম্ভব হয়নি।
- সরকারের পোড়ামাটি নীতি গ্রহণের ফলে পূর্ব বাংলায় বহু নৌকা আটক হয় এবং সেই অঞ্চলের চাষের ক্ষতি হয়।
- ব্রহ্মদেশ জাপান কর্তৃক অধিকৃত হওয়ায় সেখানের বহু প্রবাসী বাঙ্গালী দেশে ফিরে আসে ফলে খাদ্যের চাহিদা বাড়ে।
- যুদ্ধোপকরন তৈরীর জন্য কারখানার চাষীরা কাজ করতে গেলে চাষের কাজ ব্যাহত হয়।
- রাজনৈতিক নেতা আমলারা এক জেলা থেকে অন্য জেলায় চাল সরবরাহে বাধা দেয়।
- মজুতদারী, কালোবাজারী, অসাধু ব্যবসায়ীদের চক্রান্তে মন্বন্তর অবশ্যম্ভাবী হয়ে ওঠে।
- মানুষ না খেতে পেয়ে তীব্র দুরবস্থার সম্মুখীন হয়।
- সম্পত্তির ধ্বংসসাধন এবং লুণ্ঠন, বিশেষত্ব ধান লুণ্ঠন প্রায়ই হচ্ছে।
- ভাতের অন্বেষণে দলে দলে লোক শহরের পথে বেরিয়েছে।
- হাজার হাজার অনাহারক্লিষ্ট মানুষ শহরের রাস্তায় মরছে।
- সরকারী লঙ্গরখানা ও চিকিৎসালয় প্রয়োজনের তুলনায় নিতান্ত কম।

- ১৯৪৩ সালের ডিসেম্বর মাসে মৃত্যু সংখ্যা চরম সীমা অতিক্রম করে। সরকারী হিসাব অনুযায়ী ১৫ লক্ষ মানুষ মারা গিয়েছিল, বেসরকারী হিসাব অনুযায়ী ৩০-৪০ লক্ষ মানুষ মারা যায়।
- কেরোসিন, দেশলাই ও নিত্য প্রয়োজনীয় জিনিস বাজার থেকে উধাও হয়ে যায়।

এই পরিপ্রেক্ষিত কবিদের গভীরভাবে প্রভাবিত করে।

এই প্রসঙ্গে প্রথমেই উল্লেখ করতে হয় সুকান্ত ভট্টাচার্যের সম্পাদিত 'আকাল' কাব্যগ্রন্থটির কথা। এই গ্রন্থের 'কথামুখ' অংশে সম্পাদক বলেছেন -

"তেরোশো পঞ্চাশ কেবল ইতিহাসের একটা সাল নয়, নিজেই একটা স্বতন্ত্র ইতিহাস। সে ইতিহাস একটা দেশ শ্মশান হয়ে যাওয়ার ইতিহাস, ঘরভাঙ্গা গ্রামছাড়ার ইতিহাস, দোরে দোরে কান্না আর পথে পথে মৃত্যুর ইতিহাস, আমাদের অক্ষমতার ইতিহাস। তাই যাঁরা প্রকৃত কবির মতো, স্বদেশ বৎসলের মতো পঞ্চাশ সালের দুর্ভিক্ষের বিভ্রান্ত জনমনকে দিলেন সান্ত্বনা, অন্ধকারে বসে গাইলেন সূর্যোদয়ের গান, তাঁরা আমাদের অভিনন্দনীয়।"

পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষাপটকে এবং তা থেকে মুক্তির উপায়কে একই সাথে দেখেছেন কবিরা। কবি সুকান্তের দীপ্ত ঘোষণা -

আমি এক দুর্ভিক্ষের কবি
প্রত্যহ দুঃস্বপ্ন দেখি, মৃত্যুর সুস্পষ্ট প্রতিচ্ছবি
...udhury, Rathindramohan, Bankura joner itihash - sanskriti, ...ndramohan Choudhury, Bankura, 2000, pp.– 93, 97, 125-127.

..., J. C, The Land of Wrestlers, Indian Art and Letters, 1927, pp - 20,

..., Ranajit, History at the limit of World History. Calcutta, 1997, Oxford, ...Delhi, Introduction.

..., Benoy, Paschim Banger sanskriti, Clcutta, 1957, pp-553-57

..., Utpala, Kolkatay sangitcharcha in Bengali, West Bengal State ..., Kolkata, 1991, pp–12.

..., New Cultural History, Berkely, London, 1989, pp-22.

..., Meenakshi, Cultural History of Medieval India, Social Science ..., New Delhi, 2007, Introduction.

..., Abdul, Murshid Quli Khan and his times, the Asiatic Society of ... Dacca, 1963, pp–3

..., Rajeshwar Uttar Bharatiya Sangit, Orient Longman, New Delhi, ... 88-89.

... see Mallick, Abhay pada, History of the Bishnupur ...pur, 1921,

..., Dhurjatiprasad, Indian Culture, New Delhi, 1998, pp 63-153,

... R.C, Basak R.G, Banerjee, N (ed) Ramcharitam by Nandy ... Rajsahi, Varendra Research Museam, 1939, Chapter-ii, Sloka-

... see, Mukherjee, Dilipkumar, Bishnupur Gharana in Bengali, ... Pvt. Ltd., Calcutta, 1963.

... see Mukherjee, Dilip Kuamr Bangalir rag Sangit Charcha in ...ma K. L. Pvt. Ltd., Calcutta, 1976.

... see Mukherjee, Kumarprasad, Kudratraingi Birangi in Bengali,

Ananda Publishers Pvt. Ltd., Calcutta, 19993

Majumder, Ramesh Chandra, Glimpses of Bengal in the Ninete... Country, Firma K. L. Calcutta, 1962, pp – 1-20.

O"Malley,L.S.S,Bengal District Gazetteers,(Bankura)Calcutta,1908,pp-...

Prajnananada, Swami – Historical Study of Indian Music, Ramakri... Vedanta Math, Calcutta, 1953, Introduction.

Ray, Sukumar, Music of Eastern India, Calcutta, Firma ... Mukhopadhyaya, 1973, pp.

Raychaudhuri, Tapan, Bengal under Akbar and Jahangir, Munshi... Manoharlal, Delhi, 1953, pp – 61, 65. Sarkar,Jadunath,Histor... Bengal,Dacca,1984,pp-208,vol-

Sanyal Hitesh ranjan, "Banglar Kirtan" in Abantikumar Sanyal and A... Bhattacharya (eds.), , Chaitanyadeb. Itihasa O Abadana, Saraswat L... Calcutta, no date, pp. 399-416.

Sanyal,Hiteshranjan, The article "temple promotion and social mob... history and society, edited by D.P Chattopadhya, k.p Bagch... cong,Calcutta,1978,pp-355

Sanyal, Hiteshranjan,"Mallabhum"in Surajit sinha (ed)Tribal polit... State system inPre-colonial Eastern and North – easten India, C... 1987, pp- 73-142

Sanyal,Manindra,Surer sadhonay Bishnupur in Bengali, Patra... kolkata, 2013, pp -20

Saha Prabhat kumar, Some Aspects of Malla Rule in Bishnupur, Ra... 1995, Kolkata, pp-19

Sinha,Maniklal,Paschim radh tatha Bankura sanskriti, Bishnupur, 13... pp-120

Sarkar, Jawhar,Construction Of Hindu Identity in Medieval ... Bengal, Institute of Development Studies, Occasional paper no-8, ... 2005

Sinha, Narendra, Krishna, Economic History of Bengal, Firma ... Mukhopadhyay, Calcutta, 1962, pp – 16, 17, Vol. 2.

Subramanian, Lakshmi – History of India, orient Blackswan, New ...

pp – 20-21

For details see Subramanian, Lakshmi – the Re-invention of Tradition, Nationalism, Carnatic Music and The Madras Music Academy, 1900 – 1947, Indian Economic and Social History Review, Vol. – XXXVI.

Sen,Sukumar,Bangla Sahityer Itihas in Bengali,Part 1 Aparadha,Calcutta, 1963, pp - 96 - 97

Weber,Max,The theory of social and economic organization,translated by Henderson A R and Parsons,Talcott,London,1947,pp-139-40.

Periodicals

Chatterjee,Kumkum,"Cultural flows and cosmopolitanism in Mughal India:The Bishnupur Kingdom" in the journal of The Indian economic and social history review,2oo9,vol-46(2).

Mukhopadhya, Amritomoy, Samakalin Patrika, "Belgachia villa of Dwarakanath Thakur", Aswin 1368.

I would like to express my respect and gratitude to my supervisor Prof.Mahua Sarkar for her unconditional support and guidance for this research.

বাংলার মন্দির স্থাপত্যে চালারীতির ব্যবহার

(সপ্তদশ শতক থেকে উনিশ শতক)

ডালিয়া হাজরা
ইতিহাস বিভাগ

[**বিষয়চুম্বক ঃ** সপ্তদশ শতাব্দী থেকে উনবিংশ শতাব্দীর শেষ পর্যন্ত সারা বাংলায় যে অস
ঐতিহ্যশালী মন্দির নির্মিত হয়েছিল তা বাঙালীর শিল্পী সত্তার পরিচায়ক। এই সময়
বাংলার বিভিন্ন জেলায় ইটের তৈরী বিভিন্ন রীতির মন্দির গড়ে ওঠে। এই সময় রেখ বা
ভদ্র বা পীড়া, চালা, রত্ন, দালান প্রভৃতি রীতির মন্দির নির্মিত হয়েছিল। তবে এই সব রীতি
মধ্যে সব চেয়ে গুরুত্বপূর্ণ রীতি হল চালা রীতি। চালা রীতি হল পশ্চিম বাংলার নিজস্ব
আমাদের গ্রাম বাংলায় কাঠ, বাঁশ, খড়ের চাল দেওয়া মেটে ঘর বা পাতার ঘর বা খড়ের
প্রাচীন কাল থেকেই বাসস্থান রূপে ব্যবহৃত হয়ে আসছে। এই ধরনের লোক প্রচলি
সাধারণ মানুষের ব্যবহৃত আবাসগৃহ দেবমন্দিরের রূপ লাভ করেছিল। এই ঐতিহ্যশালী
বর্তমানে প্রায় ধ্বংসপ্রাপ্ত লোকস্থাপত্যের গুরুত্বকে জনসমক্ষে তুলে ধরাই এই
উদ্দেশ্য।]

আমাদের বাংলার স্থাপত্য - শিল্পের ইতিহাস বেশ প্রাচীন ও ঐতিহ্যশালী। বাংল
প্রতিষ্ঠার ইতিহাস দেড় সহস্র বৎসরেরও বেশী প্রাচীন। এই দীর্ঘ সময়ের ম
অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রভৃতি সকল ক্ষেত্রেই ব্যাপক পরিবর্ত
গেছে। বাঙালীর জাতীয় জীবনের সামগ্রিক কর্ম প্রচেষ্টার অঙ্গ হিসাবে বহু মন্দির
হয়েছিল। আর এই জন্যই বাঙালীর জাতীয় জীবনের অনেক স্বাক্ষ্যই বহন ক
এই মন্দিরগুলি। বাংলার এই সুপ্রাচীন ও ঐতিহ্যশালী মন্দিরগুলি বাঙালীর
পরিচয় দেয় যা একান্তভাবে বাঙালীর নিজস্ব স্বাতন্ত্রে সমুজ্জ্বল।

সপ্তদশ শতাব্দীর প্রথম দিকেই মন্দির নির্মাণের ক্ষেত্রে নবতর আন্দোলনের
দিল। বস্তুত এই সময় মন্দির স্থাপত্যে এক নতুন যুগ এসে উপস্থিত হয়। এই
উনবিংশ শতাব্দীর শেষ পর্যন্ত সারা দেশ জুড়ে অসংখ্য মন্দির স্থাপিত হয়েছে
ভাবধারা ও বাংলার নিজস্ব শিল্প চিন্তাকে অবলম্বন করে, মধ্য প্রাচ্য
বিজয়ীদের গৃহ নির্মাণ পদ্ধতিকে তার সঙ্গে একাঙ্গীভূত করে নতুন পদ্ধতি
নির্মাণ শুরু হয়।[১] পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় নতুন পদ্ধতি অবলম্বন ক

[illegible] নির্মিত হয়েছিল তার প্রধান উপকরণ ছিল ইট। পলিমাটির এই দেশে পাথর [illegible] ছিল না। তাই পোড়ামাটির ইট দিয়েই তৈরী হয়েছিল মন্দির। পোড়ামাটির [illegible]লিতে আবার টালিতে খোদাই করা হত বিভিন্ন নকশা ও দৃশ্যমালা।

[illegible]লায় পোড়ামাটি শিল্পের যে ব্যাপক প্রচলন হয়েছিল তেমন ভারতবর্ষের আর [illegible] দেখা যায়নি। বাংলার পোড়ামাটির মন্দিরগুলি ছিল নানা দিক থেকে আলাদা। [illegible] মন্দিরগুলির গঠনরীতি, প্রকৃতি, নির্মাণকাল, সবই ছিল অন্যরকম - বাংলার [illegible] নিজস্ব। নবপর্যায়ে নির্মিত মন্দিরের গঠনরীতির রূপরেখা অনেকটাই নির্ভর করে [illegible] উপরের অংশের আচ্ছাদন সংক্রান্ত নির্মাণ কৌশলের উপর। আর সেই [illegible] এই আচ্ছাদন রচনার বৈশিষ্ট্য অনুসরণ করেই মন্দিরের প্রকার ভেদ লক্ষ্য করা [illegible] সুতরাং আচ্ছাদন সহ গঠনরীতি আনুসারে নবপর্যায়ে নির্মিত এই মন্দির গুলিকে [illegible] পাঁচটি স্থাপত্য রীতিতে ভাগ করা যায়। সে ভাগগুলি হল -রেখ বা শিখর, ভদ্র বা [illegible], চালা, রত্ন ও দালান। শিখর ও পীঢ়া রীতি বাংলায় বহু প্রাচীন কাল থেকেই [illegible]। চালা, রত্ন, ও দালান এই তিন রীতির উদ্ভব হয়েছে সম্পূর্ন আঞ্চলিক [illegible] গুণে যা বাঙালি স্থপতির সৃষ্ট কারিগরি প্রযুক্তির এ অপূর্ব নিদর্শন।

[illegible] মন্দির স্থাপত্যের নিজস্ব রীতি হল চালা রীতি। এই আঞ্চলিক স্থাপত্য শৈলীর [illegible]টি বাংলার সনাতন মাটির কুঁড়ে ঘরের প্রতিরূপ। গ্রাম বাংলার শিল্পী কারিগরেরা [illegible] বাঁশ, খড়, তালপাতা দিয়ে নির্মিত মাটির কুঁড়ে ঘরের মতো চালা বা ছাদ নির্মাণের [illegible] শুরু করেন মন্দিরগুলির ক্ষেত্রেও। গ্রাম বাংলার শিল্পী কারিগরেরা এক প্রকার [illegible] চালিত হয়েই মন্দির নির্মাণের ক্ষেত্রে এই চালা স্থাপত্য রীতির প্রয়োগ ঘটিয়ে [illegible]। এই স্থাপত্য রীতিকে লোক স্থাপত্য বা 'ফোক আর্কিটেকচার' বলা হয়। এই চালা [illegible] রীতিকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। এগুলি হল - ১) দোচালা বা এক বাংলা [illegible] বাংলো ৩) চার চালা ৪) আটচালা ৫) বারোচালা।

[illegible] বাংলার গ্রামাঞ্চলে খড়ে - ছাওয়া দোচালা রীতির সাধারণ কুটির অজস্র দেখা [illegible] বাংলার গ্রামে কাটা ধান চূড়া করে রাখা হয় এই দোচালা রীতিতে। তবে [illegible] রীতির যথার্থ নিদর্শন পাওয়া যায় সে কালে দুর্গা পুজার স্থান হিসাবে ব্যবহৃত [illegible]নের খড়ে - ছাওয়া চণ্ডীমণ্ডপ স্থাপত্যের মধ্যে। তখনকার সূত্রধর মিস্ত্রিদের [illegible] খড়ে - ছাওয়া বাঁকানো চালের দোচালা চণ্ডী মণ্ডপ কে বলা হত 'লাটা কুমারী'। [illegible] কুঁড়ে ঘরের এই আদলটিকে মন্দির স্থপতিরা অনুসরণ করে সেই ভাবেই রূপ [illegible] দোচালা মন্দির নির্মাণে। অন্যদিকে এ শৈলীর মন্দিরকে 'একবাংলা' মন্দির [illegible]করণও করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যায়, বাংলার এই খড়ো কুঁড়েঘর [illegible] - স্থপতিদের প্রভাবিত করেছিল তাই নয়, বাংলার জলবায়ুর উপযোগী

লঘুভার এই গৃহশৈলী বিদেশি শাসকদেরও এক সময় আকৃষ্ট করেছিল। তাই বিশ্রাম গৃহ নির্মাণ কালে বাংলার এই গৃহশৈলী অনুসরণ করার জন্য সেগুলির করা হয় 'বাংলো' বা 'ডাকবাংলো'। একই সাদৃশ্যের কারণে দোচালা আদলে নির্মিত দেবায়তনগুলিও বাংলা রীতি থেকে একবাংলা নামে অভিহিত মন্দির স্থাপত্যের প্রকারভেদে। পূর্ব বাংলায় বর্তমান বাংলাদেশে এই রীতির আধিক্য লক্ষ্য করা যায়। এই রীতির মন্দির আমাদের পশ্চিমবাংলোয় খুব অল্প রয়েছে। যেমন বর্ধমান, বীরভূম, বাঁকুড়া প্রভৃতি কয়েকটি জেলায় এই রীতির লক্ষ্য করা যায়। বাঁকুড়া জেলার জয়পুর থানার ময়নাপুর (আঃ আঠারো শতক), জেলার মেমারি থানার আমাদপুর (আঃ আঠারো শতক) প্রভৃতি দোচালা মন্দিরের নিদর্শন।

দুটি এক বাংলার মন্দির মিলে গঠিত হয় জোড় বাংলা মন্দির। এতে খিলান-বিশিষ্ট বারান্দা এবং প্রধান প্রার্থনা কক্ষে প্রবেশের জন্য দু-পাশ দিয়ে থাকে। পশ্চিমবাংলার সর্বপ্রাচীন জোড় বাংলার মন্দিরের নিদর্শন হুগলি জেলার পাড়ার চৈতন্য দেবের মন্দির। স্থাপত্যিক বৈশিষ্ট্যে এটি ১৬ শতকের। এই মন্দির পশ্চিমবাংলায় ব্যাপক ভাবে নির্মিত না হলেও বিভিন্ন জেলায় এর দৃষ্টান্ত রয়েছে। হাওড়া জেলার গোন্ডল পাড়ায় (থানাঃ পাঁচলা) দেবী চণ্ডীর শৈলীর নিদর্শন লক্ষ্য করা যায়। সম্ভবত এটি প্রতিষ্ঠিত হয় ১৭৬৮ খ্রিঃ। বীরভূম ইটন্ডা গ্রামের (থানাঃ বোলপুর) কালী মন্দির (খ্রিঃ উনিশ শতক) এই রীতির মন্দির

পশ্চিম বাংলার বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে চারচালা ছাদ বিশিষ্ট মাটির বাড়ি দোচালা ছাদের স্বাভাবিক পরিণতি ঘটেছে এই চারচালায়, যার সংক্ষিপ্ত ও প্রকাশ করার ক্ষমতাও যেন বেশি। এ রীতির কুটিরের চারিদিকে দেওয়ালে নেমে সমত্রিভূজাকৃতি চারটি ঢালু চাল, যার নিচের বহিঃরেখাটি হয় ধনুকের মত বাঁকানো চারচালা কটিরের আদলে বাঙালি স্থপতিরা সেই রীতির মন্দির নির্মাণেও হয়েছেন। পশ্চিম বাংলার নানা স্থানে এই চারচালা রীতির বেশকিছু মন্দিরের রয়েছে। হাওড়া জেলার সুলতানপুরে (থানা ঃ শ্যামপুর) খটিয়াল শিবমন্দির চারচালা রীতির। এটি প্রতিষ্ঠিত হয় আনুমানিক ১৬৬৬ সালে। নদিয়া শান্তিপুরের জলেশ্বর শিবমন্দির (আঃ খ্রিষ্টীয় আঠারো শতক) এই রীতির আর উদাহরণ।

চারচালা শৈলীর পরবর্তী পর্যায় হল আটচালা। বাংলার মন্দির-স্থপতিরা আটচালা কুঁড়েঘরের আদলে আটচালা রীতির মন্দির স্থাপন করেন। এই রীতির বাংলার চালা শৈলীর সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ পর্যায়। এই আটচালা রীতি হল চালা

সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। বাংলায় এই আটচালা রীতির মন্দিরের সংখ্যাধিক্য লক্ষ্য করা যায়। চারচালা কাঠামোর উপরে অপেক্ষাকৃত ক্ষুদ্র আরেকটি চারচালা স্থাপন করে নির্মিত হয় আটচালা মন্দির। বিশেষ ভাবে ইট নির্মিত মন্দিরে এই রীতির প্রয়োগ অধিক। আটচালা রীতির মন্দিরের ভিত্তি হয় আয়তকার। এর প্রাথমিক প্রয়োগ লক্ষ্য করা যায় মসজিদ স্থাপত্যে, তবে তখন ভিত্তি ছিল বর্গাকার। হুসেন শাহি যুগে এ রীতির মসজিদ নির্মিত হয়েছিল। মন্দির স্থাপত্যে আটচালার এই আদর্শ অনুসরণ কেবলমাত্র বহিরঙ্গ [illegible] সৌন্দর্য বৃদ্ধির আবার কোথাও কোথাও উচ্চতা অর্জনের জন্য, ব্যবহারিক [illegible] প্রয়োজন সাধনের জন্য নয়। উল্লেখ করার বিষয় হল, এই রীতি প্রকরণের মন্দিরের ক্ষেত্রে উপরে ও নীচের চালগুলির কার্নিশ হয় সাধারণত চারচালার মতোই [illegible] এবং এ শৈলীর অধিকাংশ মন্দিরের গর্ভগৃহের সম্মুখ ভাগে দেখা যায় ত্রিখিলান যুক্ত দালান, আবার কোথাও সেটি দালান ছাড়াই একদুয়ারী প্রবেশ পথ বিশিষ্ট হয়ে থাকে। পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় অসংখ্য আটচালা রীতির মন্দিরের অস্তিত্ব লক্ষ্য করা যায়। হাওড়া জেলার মেল্লক গ্রামে (থানাঃ বাগনান) মদন গোপালের মন্দির এই রীতির। মন্দিরটি প্রতিষ্ঠিত হয় ১৬৫১ খ্রিঃ। মেদিনীপুর জেলার মালঞ্চ গ্রামের (থানাঃ [illegible]পুর) দক্ষিণাকালীর মন্দির (১৭১২ খ্রিঃ), কলকাতার হাটখোলার দুর্গেশ্বর শিব মন্দির (১৭৯৪ খ্রিঃ) এই রীতির মন্দিরের উল্লেখযোগ্য উদাহরণ।

[illegible] বহস্থানে আটচালার মতো বারোচালা কুটিরও দেখা যায়। মন্দির স্থপতিরা এই বারোচালা কুটিরের অনুকরণে বারোচালা মন্দির নির্মান করেছিলেন। চালা রীতির [illegible] বিকাশ ঘটানো এবং মন্দিরের উচ্চতা বৃদ্ধির কারণে আটচালাকে বারোচালায় [illegible] করা হয়েছে। ভূমি নকশায় বারোচালার মন্দির আটচালার মতোই বর্গাকার এবং [illegible] উপরি ভাগে তৃতীয় স্তরে আর একটি অপেক্ষাকৃত ছোটো চারচালা নির্মাণ [illegible] সেটিতে বারোচালা রূপ দেওয়া হয়। তবে এ রীতির মন্দিরের সংখ্যা [illegible]বাংলায় খুব কম এবং সবগুলিই উনিশ শতকে প্রতিষ্ঠিত। হাওড়া জেলার [illegible]পুরের (থানাঃ পাঁচলা) ঘোষ পরিবারের শিব মন্দিরে এই রীতি লক্ষ্য করা যায়। [illegible] জেলার ইলছোবা (থানাঃ পাণ্ডুয়া), মর্শিদাবাদ জেলার সাহানগর (থানাঃ [illegible]) গ্রামের মন্দির এই রীতির মন্দিরের উদাহরণ।

[illegible] স্থপত্য রীতির উদ্ভব বহু প্রাচীন কালে হলেও সপ্তদশ শতাব্দীতে এই চালারীতি [illegible] ভাবে আত্মপ্রকাশ করে। সপ্তদশ থেকে উনিশ শতকের মধ্যে বাংলার বিভিন্ন [illegible] অসংখ্য চালা রীতির মন্দির স্থাপিত হয়েছিল। বাংলার গ্রামাঞ্চলে কাঠ, বাঁশ ও [illegible] চাল দেওয়া মেটে ঘর বা পাতার ঘর বা খড়ের ঘরকে বহু প্রাচীন কাল থেকেই [illegible] মানুষ তাদের বাসস্থান হিসাবে ব্যবহার করে আসছে। মৌসুমী বৃষ্টিপাতের

প্রাবল্যের দিকে লক্ষ্য রেখেই বাংলার সাধারণ মানুষ তাদের বসবাসের জন্য
ছাদযুক্ত চালাঘর নির্মাণ করেছিল, মন্দির নির্মাণের ক্ষেত্রেই সাধারণ মানুষের বাস
রূপটাকেই আদর্শ বলে গ্রহণ করা হয়েছিল। মন্দির নির্মাণের ক্ষেত্রে সুউচ্চ সৌধের
ভাবা হয় নি। ভারতবর্ষের বিভিন্ন স্থানে সুউচ্চ সৌধযুক্ত বহু মন্দির নির্মিত হ
বাংলার ক্ষেত্রে তা গুরুত্ব পায়নি। আসলে দেবতাকে, তাঁর মহিমাকে উপলব্ধি করা
তাঁকে রাজরাজেশ্বর সম্রাট বলে ভাবার প্রয়োজন হয়নি। নিজের গৃহকোনে পরি
পরিজনের মধ্যেই বাঙালি তাঁর সন্ধান পেয়েছে, পূজা করেছে নিজের
ভালোবেসেছে। নিজের গৃহের একজন বলেই প্রতি গৃহে অতি আদরণীয় পরিজ
স্থান লাভ করেছিল দেবতা। এই প্রাণের দেবতাকে বাঙালি তার বাস গৃহের
স্থাপন করেছিল। গ্রাম বাংলার শিল্পী কারিগরেরা ভাবাবেগ-চালিত হয়ে মন্দির নক
পরিকল্পনা ও প্রয়োগক্ষেত্রে চাল বা ছাদ বিশিষ্ট কুটির নির্মাণ পদ্ধতি ব্য
করেছিলেন। বাংলার কারিগরদের সঙ্গে ভজন আরাধনার স্থানটির একটি আধ্যাত্মিক
ভক্তিপূর্ণ সংযোগ স্থাপিত হয়েছিল এবং সেই কারণেই তারা তাদের অভ্যস্ত
যাপন প্রণালীর সঙ্গে ওতপ্রতোভাবে জড়িয়ে নিতে চাইত তাদের পরম প্রিয়প্রভু
ঈশ্বরকে। আর এভাবেই বাংলার মন্দির নির্মাণের ক্ষেত্রে চালা স্থাপত্য রীতির ব্যব
বিশেষ গুরুত্ব পূর্ণ হয়ে ওঠে।

সবশেষে বলা যায় বাংলার মন্দির শিল্পরীতির নিজস্ব ও একটি ঐতিহ্যবাহী রীতি
'চালা' শিল্প রীতি, বাংলার বিভিন্ন জেলায় যে অসংখ্য 'চালা' রীতির মন্দির নি
হয়েছিল তার বেশির ভাগই আজ ধ্বংসপ্রাপ্ত। তবে এখনও যে অল্প সংখ্যক 'চা
রীতির মন্দির বাংলায় টিকে আছে তাদের মধ্যে খুঁজে পাওয়া যায় ঐতিহ্যের স্বা
'চালা' রীতির মন্দির গঠনের মূলে সর্বভারতীয় ঐতিহ্যের নিদর্শন থাকলেও, বাং
ঐতিহ্যবহ গ্রাম্য কুটিরের চাল বা ছাদের নিদর্শনই ছিল এই রীতির মূল উৎস। স
শতাব্দীতে অন্য আরও যে কটি মন্দির রীতির উদ্ভব ঘটেছিল তার মধ্যে সবচেয়ে
জনপ্রিয়তা লাভ করেছিল এই 'চালা' রীতি। 'চালা' রীতির মন্দিরগুলি আমা
আঞ্চলিক লোকস্থাপত্যের বিশেষ গুরুত্ব পূর্ণ অংশ। এই আঞ্চলিক লোকস্থাপ
আমাদের বাংলার শিল্পস্থাপত্যের ইতিহাসের সুমহান ঐতিহ্য বহন করে চলেছে।

সূত্র নির্দেশ

১) হিতেশরঞ্জন সান্যাল, বাংলার মন্দির, কারিগর, কলকাতা ২০১২

২) তারাপদ সাঁতরা, পশ্চিম বাংলার ধর্মীয় স্থাপত্য ঃ মন্দির ও মসজিদ, পশ্চিমবঙ্গ বা
আকাদেমি, কলাকাত, ১৯৯৮

তারাপদ সাঁতরা, পূর্বোক্ত

পারভীন হাসান, 'স্থাপত্য ও চিত্রকলা', সিরাজুল ইসলাম (সম্পাঃ) বাংলাদেশের ইতিহাস ১৭০৮-১৮৭১, খণ্ড ৩, ঢাকা ২০০০

তারাপদ সাঁতরা, পূর্বোক্ত

David j. Mccution, Late Mediaval Temples of Bengal, (Calcutta 1993 Rpr.) 6

তারাপদ সাঁতরা, পূর্বোক্ত

তারাপদ সাঁতরা, পূর্বোক্ত

প্রণব রায়, বাংলার মন্দির স্থাপত্য ও ভাস্কর্য, পূর্বাদ্রি প্রকাশনী, মেদিনীপুর, ১৯৯৯

তারাপদ সাঁতরা কলকাতার মন্দির - মসজিদ, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ২০০২

হিতেশরঞ্জন সান্যাল, নির্বাচিত প্রবন্ধ, সেন্টার ফর আর্কিয়োলজিক্যাল স্টাডিজ অ্যাণ্ড ট্রেনিং, ইস্টানইন্ডিয়া কলকাতা ২০০৪

মঞ্জু হলদার, প্রাচীন বাংলার মন্দির স্থাপত্য, উর্বী প্রকাশন, কলাতা ২০১৩

শিবেন্দু মান্না, হাওড়া, ইতিহাস - ঐতিহ্য, সহজপাঠ, হাওড়া ২০১১

নীহার ঘোষ, বাংলার মন্দির শিল্পশৈলী - (অন্ত মধ্যযুগ), অমর ভারতী, কলকাতা, ২০১২

'মতুয়া ধর্ম' ঃ সমাজ সংস্কার আন্দোলনের একটি রূপরেখ

বিশ্বজিৎ বক্সী
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

[**বিষয়চুম্বক ঃ** বর্তমান প্রবন্ধে সামাজিক চিন্তা ভাবনার পরিবর্তনশীলতার প্রেক্ষা
সামাজিক স্তরবিন্যাস ও ধর্মকে আশ্রয় করে গড়ে ওঠা 'মতুয়া ধর্ম' সংস্কার আন্দোলনের এ
রূপরেখা অঙ্কন করা হয়েছে। সমাজে নিম্নবর্ণের অবস্থানকারী মানুষদের বর্ণহি
অন্যায়-অত্যাচার ও শোষণ থেকে মুক্ত করতে হরিচাঁদ ঠাকুরের ভূমিকা ও তাঁর প্রবর্তিত
ধর্ম' সমাজে নিম্নবর্ণের মানুষের আত্মমর্যাদা ও জাতিসত্ত্বাকে প্রতিষ্ঠার ক্ষেত্রে যে ভূমিকা
বিষয়টির উপর আলোকপাত করাহয়েছে। আবার উনবিংশ শতকে ব্রহ্মধর্ম স
আন্দোলনের সাথে 'মতুয়া ধর্ম' সংস্কার আন্দোলনের পার্থক্যকে তুলে ধরা হয়েছে। হ
ঠাকুরের মৃত্যুর পর ও 'মতুয়া ধর্ম' সংস্কার আন্দোলন থেমে যায়নি। বরং বংশ পরম্পরা
সংস্কার আন্দোলন পরিচালিত হচ্ছে এবং নিজ সম্প্রদায়ের দাবি-দাওয়া গুলিকে আদায় ক
রাজনৈতিকভাবে ও প্রচেষ্টা জারি রয়েছে। তবে 'মতুয়া ধর্ম' কোন স্বতন্ত্র ধর্ম, নাকি তা
ধর্মের শাখা সেই আলোচনা কে এই প্রবন্ধের বিষয় আঙ্গিকের অভিমুখ থেকে সরিয়ে
হয়েছে।]

সমাজ একটি ব্যাপক, বৃহৎ ও পরিবর্তনশীল ধারনা। সমাজের পরিধিকে কোনভা
নির্দিষ্ট একটি গন্ডির মধ্যে আবদ্ধ করা যায় না। স্বাভাবিক ভাবেই প্রশ্ন হল সমাজ ব
কী বোঝায়? যদি আভিধানিক অর্থের দিক থেকে বিচার করা হয়, তাহলে সমাজ ব
বোঝায় একটি নির্দিষ্ট, সহযোগিতাপূর্ন জনগোষ্ঠী, যেখানে ব্যক্তি-মানুষ পর
পরস্পরের উপর নির্ভরশীল। আবার সমাজ বিজ্ঞানের শব্দ কোষ এ উল্লিখিত হ
"সমাজ বলতে বোঝায় পারস্পরিক সম্পর্কসূত্রে আবদ্ধ অথবা পারস্প
সম্পর্কনির্ভর একটি জনসমষ্টি।" অর্থাৎ সমাজের ধারনার মধ্যে সহযোগিতার ধারন
নিহিত। কিন্তু সমাজে যে শুধুই সহযোগিতা বিদ্যমান থাকে এমনটা নয়, বিরো
অসহযোগিতা ও সমাজের অংশ।

বিভিন্ন যুগে, বিভিন্ন সমাজে ধর্মীয় প্রভাবে সামাজিক আন্দোলন সর্বত্রই সংগঠিত হ

[illegible] যায়। নতুন নতুন চিন্তাভাবনার সাথে পুরনো চিন্তাভাবনার দ্বন্দ্বের পরিণতিতে [illegible] আন্দোলন দেখা যায়। আধুনিক যুগে ভারতের নবজাগরণ শুরুই হয়েছিল ধর্ম-[illegible] আন্দোলনের মধ্য দিয়ে। যদিও ভারতীয় সমাজে নবজাগরণ আর ইউরোপীয় [illegible] নবজাগরণের মধ্যে মৌলিক পার্থক্য বিদ্যমান ছিল।

[illegible] প্রবন্ধের মূল আলোচ্য বিষয় 'মতুয়া ধর্ম': সমাজ,সংস্কার আন্দোলনের রূপরেখা। [illegible] উল্লেখ্য ধর্মের ভিত্তিতে বা ধর্মকে কেন্দ্র করে, যে আন্দোলন দেখা যায় তা কিছুটা [illegible] প্রভাবে। আবার পরে সেই আন্দোলন প্রভাবিত করে সমাজকে।

[illegible] শব্দের অর্থ হল হরিনামে মাতোয়ারা। অবিভক্ত বাংলার পূর্ব অংশে ধর্মীয় [illegible]গত সংগ্রামের একটি রূপ হল মতুয়া আন্দোলন। ফরিদপুর জেলার ওড়াকান্দির [illegible] সমাজ সংস্কারক হরিচাঁদ ঠাকুর (১৮১২-১৮৭৮)-এর নেতৃত্বে এক বিরাট [illegible] আন্দোলন গড়ে ওঠে। ১৮৩০ সালে মাত্র ১৮ বছর বয়সে হরিচাঁদ ঠাকুর 'মতুয়া [illegible] প্রবর্তন করেন, দলিত-পতিত তথা নিম্নবর্ণের মানুষের সার্বিক মুক্তির জন্য। প্রসঙ্গত [illegible] ১৮২৮ সালে হিন্দু ধর্মের সামাজিক কুসংস্কার ও অন্ধ গোঁড়ামির বিরুদ্ধে রাজা [illegible] রায় ব্রাহ্মধর্ম প্রবর্তন করেছিলেন। এই ব্রাহ্ম ধর্ম আন্দোলনের ভিত্তি ছিল [illegible]বাদের নীতি। একথা ঠিক যে ব্রাহ্ম-ধর্ম-আন্দোলন কলকাতা শহর কে কেন্দ্র [illegible] হয় এবং পরবর্তীকালে তা কলকাতা ছেড়ে বিভিন্ন জেলা শহরে এবং অন্যান্য [illegible] ও তা ছড়িয়ে পড়ে। কিন্তু তা বিপুল জনসাধারণ থেকে দূরেই থেকে যায়। [illegible] ব্রাহ্ম সংস্কারকেরা তাদের সংস্কারের বক্তব্যকে বিপুল সংখ্যক জনসাধারণের [illegible] নিয়ে যেতে কখনোই চেষ্টা করেন নি। এমনকি সংস্কারের বিষয়কে বোঝানোর [illegible] তাঁদের ভাষা ছিল বিশুদ্ধ বাংলা ভাষা। কাজেই সংস্কারের বিষয়টি অশিক্ষিত [illegible] ও কারিগর তথা নিম্নবর্ণের মানুষদের মধ্যে প্রভাব বিস্তার করতে ব্যর্থ হয়। [illegible] সামাজিক দিক থেকে বিচার করলে দেখা যায় ব্রাহ্ম-সংস্কারকদের অধিকাংশই [illegible] হিন্দু ও তিনটি উচ্চবর্ণের জাতের অন্তর্ভুক্ত - ব্রাহ্মণ, কায়স্থ, ও বৈশ্য; তাই এই [illegible] আন্দোলনে জাতের বিষয়টি খুব একটা বিচার্য হয়ে ওঠতে পারেনি ফলস্বরূপ [illegible] জাতিগত আধিপত্যে ও ঘা পড়েনি। অন্যদিকে হরিচাঁদ ঠাকুরের প্রবর্তিত [illegible] আন্দোলন ছিল বর্ণহিন্দু ও ব্রাহ্মণদের অত্যাচার, শোষণ, নির্যাতন থেকে [illegible] মানুষদের মুক্ত করা ও তাদের জাতিসত্তাকে সুপ্রতিষ্ঠিত করে সমাজে তাদের [illegible]কে প্রতিষ্ঠিত করা।

[illegible] ঠাকুরের এই ধর্মীয় সংস্কার আন্দোলন শুধু যে ধর্মের কুসংস্কার দূর করে মানুষকে [illegible] মুক্তি এনে দিয়েছিল তাই নয়, হরিচাঁদ ঠাকুর নিজে উচ্চবর্গীয় জমিদারদের

অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করেন। জমিদারের শোষণ, অত্যাচার, নির্যাতন ঘড়বাড়ি থেকে উচ্ছেদ, ফসল কেটে নেওয়া মহিলাদের বিরুদ্ধে অত্যাচার এসবের বিরুদ্ধে হরিচাঁদ ঠাকুর স্বয়ং নেতৃত্ব দেন। এমন কি 'নীল কুঠী' সাহেবদের বিরুদ্ধে সংগ্রামে নেতৃত্ব দেন। জোনাসুর কুঠী অভিযান করেন। হরিচাঁদ ঠাকুর শুধুমাত্র 'মতুয়া ধর্ম' প্রতিষ্ঠা করে হিন্দু ধর্মের উচ্চবর্গের ঘৃনা ও অন্যায় অত্যাচার থেকে দলিত-পতিত সমাজকে রক্ষাই করেননি, তিনি দলিত-পতিত সমাজকে রক্ষা করেছেন - দলে দলে অস্পৃশ্য সমাজের মানুষ সামাজিক মর্যাদা ও অস্তিত্ব রক্ষার জন্য মুসলীম অথবা খ্রিষ্টান ধর্ম গ্রহণ করেছিলেন। হরিচাঁদ ঠাকুরের মতে "কাজ করা বড় ধর্ম, শ্রমে অংশ নাও এবং গার্হস্থজীবনে থাকো। কারও কাছে দীক্ষা নিও না বা তীর্থস্থানেও যেও না। ঈশ্বর সাধনার জন্য ব্রাহ্মণদের মধ্যস্থতার প্রয়োজন নেই।" এর ফলস্বরূপ দলে দলে নিম্নবর্ণের দলিত-পতিত মানুষ হরিচাঁদ ঠাকুরের শিষ্যত্ব গ্রহণ করেন এবং যাঁরা তাঁর 'মত' গ্রহণ করেন তাঁরাই মতুয়া নামে পরিচিত হন। হরিচাঁদ ঠাকুরের বাণী হল - 'হাতে কাম, মুখে নাম'। তিনি এই বাণীর মধ্য দিয়ে নিম্নবর্ণের থেকে কোন অংশে নিচু নয় বলে তুলে ধরেন।

হরিচাঁদ ঠাকুরের মৃত্যুর পর ১৮৭৮ সালে তাঁর পুত্র গুরুচাঁদ ঠাকুর মতুয়া আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন। ধর্ম সম্পর্কে গুরুচাঁদ ঠাকুরের চিন্তাভাবনা ছিল খুবই পরিষ্কার। তাঁর মতে ধর্মে কোন ভেদাভেদ থাকবে না। 'মতুয়া-ধর্ম-মানব' ধর্ম। তিনি ঘোষণা করেন কেউ জল অচল নয়, অস্পৃশ্য নয়।

"মতুয়া এই নীতি শোন সর্বজন।
কুলে, বংশ, ধনে, মানে হোক হীনজন।
চরিত্রে পবিত্র যদি সেই ব্যক্তি হয়।
তার অন্ন খেলে, দিলে দোষ নাহি তায়।।
লৌকিক সম্বন্ধে যদি আপন স্বজন।
চরিত্রেতে পবিত্রতা না করে রক্ষণ।।
তার সাথে বসা খাওয়া মতুয়ার নাই।
জাতিভেদ বলিলেও এই অর্থ পাই।।

(গুরুচাঁদ চরিত - মহানন্দ হালদার)

"মতুয়া ধর্ম মানব ধর্ম -

ধর্ম মধ্যে জাতি নাই, ধর্ম আছে সব ঠাঁই

- তার মধ্যে আছে তার তারতম্য।

যে ধর্ম সহজ পথে চালায় জীবন রথ

সেই ধর্মসর্বজন গম্য।।

আমার পিতার ধর্ম সহজ সরল ধর্ম

- তাই মেনে নমঃশূদ্র রব"

(গুরুচাঁদ চরিত - মহানন্দ হালদার)

[illegible] সমাজে গুরুচাঁদ ঠাকুর জন্মগ্রহণ করেছিলেন। কিন্তু তিনি সমস্ত প্রকার [illegible]কতার উর্দ্ধে উঠে ঘোষণা করেন - তিনি সমস্ত দলিত পতিত অনগ্রসর [illegible]ও আপনজন। মূলত তাঁরই উদ্যোগে ১৯১১ সালে লোকগণনায় 'চণ্ডাল [illegible] পরিবর্তে নমঃশূদ্র' নামে ব্যবহৃত হয়। প্রসঙ্গত উল্লেখ্য নমঃশূদ্র ছাড়াও আরও [illegible] নিম্নবর্ণের মানুষ যেমন - কাপালি, পৌন্ড্র, গোয়ালা, মালো, ও মুচি মতুয়া [illegible]লনে যোগ দেয়। যদি ও মতুয়ারা ছিল প্রধানত ভূমিহীন কৃষক। জমিদার, মহাজন [illegible]বর্ণের মানুষদের দ্বারা শোষণে জর্জরিত। এই শোষিত নির্যাতিত মানুষের মুক্তির [illegible] যে শিক্ষার বিস্তারের প্রয়োজনীয়তা রয়েছে, তা উপলব্ধি করতে পেরেছিলেন [illegible] ঠাকুর। তাই হরিচাঁদ ঠাকুরের বাণী ছিল - " তাই বলি ভাই মুক্তি যদি চাই বিদ্বান [illegible] হবে, পেলে বিদ্যাধন দুঃখ নিবারণ চিরসুখী হবে ভবে।" তাঁর এই বাণীকে বাস্তব [illegible] সার্থক ভাবে প্রয়োগ করার উদ্দেশ্যে ১৮৮০ সালে ওড়াকান্দি গ্রামে নিম্নবর্ণের [illegible] জন্য নিম্নবর্ণ মানুষের দ্বারা প্রথম স্কুল (বিদ্যালয়) স্থাপিত হয়। প্রসঙ্গত [illegible] পরবর্তীকালে কপিলকৃষ্ণ ঠাকুর দাবি করেছেন গুরুচাঁদ ঠাকুর অবিভক্ত বাংলায় [illegible] স্কুল স্থাপন করেছেন। যদিও এই দাবির সত্যতার প্রমান বর্তমান প্রবন্ধ লেখকের [illegible] নেই।

[illegible] আলোচনার পরিপেক্ষিতে নিঃসন্দেহে বলা যায় মতুয়া ধর্মের মূল বক্তব্য হল [illegible]বাদ। বিভিন্ন ধর্মের মধ্যে তুলনামূলক আলোচনা করলে দুটি বিষয় পরিলক্ষিত [illegible] প্রথমত, মহাজাগতিক সত্তাকে অনুভব করা আর দ্বিতীয়ত, - অন্তরের দেবত্বকে

আচার আচরণে প্রকাশ করা। ঘুরিয়ে ফিরিয়ে বিভিন্ন কায়দায় বিভিন্ন ভাবে এই
বিষয়ের কথাই বলা হয়েছে বিভিন্ন ধর্মে। আর এই দুয়ের সাথে ধর্মগুরু - উপ
করলেও তাঁর কথা মেনে নিয়ে পরবর্তী কালে সমাজে এসেছে বিশ্বাস। আর
আচরণকে কেন্দ্র করে এসেছে সমাজে নানান আচার-অনুষ্ঠান। যদিও এগু
সময়ের সাথে সাথে পরিবর্তন ঘটেছে। বিশ্বাস তৈরী করেছে লোককথা। তাইতে
বছর চৈত্র মাসের মধুকৃষ্ণা এয়োদশীতে হরিচাঁদ ঠাকুরের জন্ম তিথিতে 'বারনি
উপলক্ষে নির্যাতিত মতুয়াভক্ত সহ হিন্দু, মুসলমান, খ্রিষ্টান প্রভৃতি বিভিন্ন
লক্ষাধিক মানুষ ওড়াকান্দি ও ঠাকুরনগরে নিশান উড়িয়ে জয়ডঙ্কা বাজিয়ে এক
যোগ দেন, হরিচাঁদ ঠাকুরের প্রবর্তিত 'মতুয়া ধর্ম' বৌদ্ধ ধর্মেরই এক নব সংস্করণ
'শ্রী শ্রী হরিচাঁদ লীলামৃত" গ্রন্থে উল্লেখিত হয়েছে।-

"মতুয়া হইল এরা কি ধন পাইয়া।
বেদ বিধি নাহি মানে ফেরে লাফাইয়া।।
ব্রাহ্মণ বৈষ্ণব ভক্তি মোটে কিছু নই।
দিবা রাত্রি হরি বলে সেজেছে গোঁসাই।।
এমন আশ্চর্য কাণ্ড দেখি নাই চোখে।
হরিনামে জ্ঞান হারা হয় না কি লোকে।।
মেতে যায় হরি বলে ভঙ্গি করে কত।
হরি বলে মেতে থাকে ও বেটারা 'মতো'।।
হরিধ্যান, হরিজ্ঞান, হরিনাম সার।
প্রেমেতে মাতোয়ারা "মতুয়া" নাম যার।।
নামি হতে বড়ো জন সমাচার।
নাম পরে অধিকার একা 'মতুয়ার'।।
স্বার্থশূন্য নামে মত্ত 'মতুয়া'গণ।
ভিন্ন সম্প্রদায় রূপে হইবে কীর্ত্তন।"

যদি ও মতুয়া ধর্ম কি স্বতন্ত্র কোন ধর্ম, না হিন্দু ধর্মের শাখা-এই বিষয়ে বির্তক র
এই বির্তকের গভীরে না গিয়ে এই প্রবন্ধে কেবলমাত্র মতুয়াচার্য ডঃ নিত্যানন্দ হাল
মতুয়া ধর্ম প্রসঙ্গে লিখিত একটি বক্তব্য তুলে ধরা হল। তিনি লিখেছেন - "
জীবনের শেষ লগ্নে ইতিহাস চর্চা করতে গিয়ে বুঝেছি যে ব্রাহ্মণ্য ধর্মের (হিন্দু ধ
ছত্রছায়ায় আশ্রয় নেবার জন্যই নমঃশূদ্ররা তাদের সৃজনী প্রতিভা, স্বাতন্ত্রতা

হারিয়েছে। বীর জাতি, মেষ শাবকে পরিণত হয়েছে। এই মেষ শাবকদের ...কে পরিণত করার জন্য হরিচাঁদ ঠাকুরের এই সমাজে আগমন। এবং তাঁকে ... ধর্ম প্রবর্তন করতে হয়েছে।" যদিও তাঁর এই মত অনেকে যেমন গ্রহণ করেছে, ... অনেকে গ্রহণ করেননি।

... অন্যদিক থেকে ধর্ম-আন্দোলনের গতিশীলতার কথা মাথায় রেখে স্বামী ...নন্দকে অনুসরণ করে বলা যায় সফল ধর্মান্দোলনের ক্ষেত্রে শক্তিশালী ...গুলির কয়েকটি বৈশিষ্ট্য রয়েছে। এগুলি হল-

...চীন সত্যকে উপস্থাপন করা সমকালীন ভাষা ও ভঙ্গির প্রয়োজনা। উদ্দেশ্য হল- ...কোন এক বা একাধিক সামাজিক প্রয়োজনীয়তাকে পূর্ণ করা।

... যেমনই হোক না কেন, এই সংস্থাগুলির বৈশিষ্ট্য হল প্রযোগকুশলতা, উদ্দেশ্য ও কর্মপদ্ধতি সম্বন্ধে তাদের চিন্তাভাবনার স্বচ্ছতা।

...পরিচালন পদ্ধতি ব্যক্তিকেন্দ্রিক নয়। দক্ষ নেতৃত্বাধীনে দল গঠন এবং ভবিষ্যতের দিকে তাকিয়ে সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

...এরা বিভিন্ন অঞ্চলে ক্রমান্বয়ে শাখা বিস্তার করে থাকেন।

...নিজস্ব বৈশিষ্ট্যকে এরা তুলে ধরেন।

... ধর্মান্দোলনের মধ্যে এই পাঁচটি স্তরই বর্তমান। সমাজের মধ্য থেকে সংগঠিত ... এই ধর্মান্দোলন ক্রমশ পরিণত হয়েছে সমাজ আন্দোলনে। হরিচাঁদ পুত্র ...দের নাতি কপিলকৃষ্ণ ঠাকুরের আত্মচরিত থেকে জানা যায় শুরুতে নমঃশূদ্রদের ...র ওপর গুরুত্ব, পরে মিশনারীদের সংস্পর্শে এসে ব্রিটিশ সমর্থক এই গোষ্ঠীর ...ভক্ত। নমঃশূদ্র আন্দোলনের নেতা রিচার্ড বিশ্বাস লিখেছেন "মাতৃভূমি স্বর্গের ... ওপরে; একজন জাত তারও ওপরে।" আর এই 'জাত' থেকে পাওয়া মতুয়া ...তি ধর্মের রাজনীতিকরণের পরিণত হতে বেশি সময় লাগেনি। বর্ণ হিন্দু ...পত্যের বিরুদ্ধে এই জাত বিদ্রোহ আন্দোলন ব্রিটিশ শাসকদের কৌশলে এক সময় ...লিম নমঃশূদ্র জোট গঠনের জন্য মরিয়া হয়ে উঠে ছিল, কিন্তু পরবর্তীকালে দাঙ্গায় ...হয়ে পুনরায় মতুয়া পরিচিতিতে ফিরে আসে। ১৯১৫ সালে প্রতিষ্ঠিত হয় মতুয়া ...। নানা ঘটনাপ্রবাহেও বহু ভাঙা গড়ার পর বিশেষত ১৯৭১ সালের যুদ্ধের পর ... নিম্নবর্ণের মানুষ উদ্বাস্তু হিসাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আশ্রয় নেয়। এরই ...রণ ১৯৮৫ সালে পশ্চিমবঙ্গের ঠাকুরনগরে মতুয়া সম্প্রদায়ের তথা মতুয়া ...ঘের পুনরভ্যুদয় ঘটে। তবে এখনও এই সম্প্রদায়ের একটি বড় অংশ বাংলাদেশে

রয়ে গেছে। আর সেই সব মানুষ যারা উদ্বাস্তু হয়ে এদেশে চলে এসেছে, তারা নি
ধরে, ভারতীয় নাগরিকত্ব লাভের দাবীকে সামনে রেখে সোচ্চার হয়ে উঠেছে।

২০০৩ সালে এন.ডি.এ পরিচালিত সরকার যে নাগরিকত্ব আইন তৈরি করেছে
উদ্বাস্তুদের বিশেষত ১৯৭১ সাল বা তার পরে আসা উদ্বাস্তুদের নাগরিকত্ব প্র
মধ্যে পড়ে। ২০০৬ - ২০০৭ সালে নাগরিকত্ব সংশোধন আইন (২০০৩) সং
দাবিকে কেন্দ্র করে ঠাকুরবাড়িতে অনশন আন্দোলনের সময় তৎকালীন প্রধান
মনমোহন সিংহ আশ্বাস দিয়েছিলেন যে, নাগরিকত্বের ক্ষেত্রে পূর্ব পাকিস্থান
বাংলাদেশ থেকে আসার ১৯৭১ সালের সীমারেখা তুলে দেওয়া হবে। যদিও
প্রতিশ্রুতি এখনও পালন করা হয়নি।

আরএই প্রেক্ষাপটে মতুয়ারা যেমন সর্বস্তরেরর রাজনৈতিক দলকে পাশে
চাইছে। অপরদিকে রাজনৈতিক দলগুলি ও তাদের ভোটব্যাঙ্কের স্বার্থে মতুয়াদের
দাড়াতে আগ্রহী হয়ে ওঠেছে।

সহায়কগ্রন্থ ও প্রবন্ধঃ-

১) গৌতম ভদ্র ও পার্থ চট্টোপাধ্যায় সম্পাদনাঃ নিম্নবর্গের ইতিহাস।

২) শেখর বন্দ্যোপাধ্যায়ঃ পলাশি থেকে পার্টিশান আধুনিক ভারতের ইতিহাস।

৩) স্বামী সোমেশ্বরানন্দঃ ধর্মঃ সমাজঃ আন্দোলন

৪) নীরোদ বিহারী রায়, দ্য নমশূদ্রজ।

৫) কপিলকৃষ্ণ ঠাকুরঃ মতুয়া আন্দোলন ও বাংলার অনুন্নত সমাজ

৬) অঞ্জন ঘোষঃ সামাজিক স্তরায়ন ও রাজনীতি।

৭) রবীন বিশ্বাসঃ 'মতুয়া ধর্ম'।

৮) তারক গোঁসাইঃ শ্রী শ্রী হরিচাঁদ লীলামৃত।

কালিদাস - সাহিত্যে শাপ ও শাপমোচন

স্বাতী সরকার
সংস্কৃত বিভাগ

[illegible]সূচক ঃ সংস্কৃত সাহিত্যাকাশে উজ্জ্বলজ্যোতিষ্ক রূপে বিদ্যমান মহাকবি কালিদাসের [illegible]কৃতিতে যে সমস্ত অভিশাপের প্রসঙ্গ এসেছে; বহিরঙ্গের সাথে অন্তরঙ্গের [illegible]পনে সেই অভিশাপগুলি বিশেষ তৎপর্যবাহী। সেই অভিশাপ পক্ষান্তরে আশীর্বাদে [illegible] হয়েছে - আলোচ্য প্রবন্ধে তা উল্লেখের প্রয়োজনে এই স্বল্পতম প্রয়াস।]

"সুখং হি দুঃখান্যনুভূয় শোভতে
ঘনান্ধকারেষু ইব দীপদর্শণম্" - (মৃচ্ছকটিকম্)

[illegible]তির চিত্রধর্মী বাস্তবরূপের আলোচনা প্রসঙ্গেই আমাদের শিল্পভোগসত্তার [illegible]পটে আভাসিত হয় ব্যাস - বাল্মিকী - কালিদাসের নাম। ব্যাস - বাল্মিকীর প্রকৃত [illegible]কার অর্জন করেছিলেন কালিদাস যিনি জীবনসমুদ্রের তীরে দাঁড়িয়ে জগৎ ও [illegible]কে মুগ্ধ বিস্ময়ে দেখেছেন। তাই জীবনকে অবলম্বন করেই কল্পনার পাখায় ভর [illegible]একের পর এক নিখুঁত বাস্তবের ছবি এঁকেছেন।

[illegible]সংস্কৃত সাহিত্যে নয়, বিশ্বের যে কোন সাহিত্যে অসংখ্য কবিদের মধ্যে কালিদাস যে [illegible], তাঁর কাব্য - নাটক যে আজও সমাদরের সঙ্গে সমগ্র-বিশ্বে আদৃত, তার কারণ [illegible]মাত্র রচনার আড়ম্বর বা বাগবৈদগ্ধ্য নয়। এর মধ্যে পাওয়া যায় শাশ্বত মূল্য [illegible]র প্রকাশ।

[illegible]সের রচনায় আমরা দেখি চরিত্রসৃষ্টিতে তিনি অনবদ্য। প্রয়োজনে বিষয়বস্তুর [illegible] থেকে সরে আসতেও তিনি দ্বিধা করেন নি। ফলে তাঁর রচনায় প্রতিটি চরিত্রের [illegible] এসেছে অভিনবত্ব, সংযোজিত হয়েছে বিশেষ মাত্রা। তাঁর সাহিত্যসৃষ্টিতে যে [illegible] চরিত্র উপস্থাপিত হয়েছে আমরা দেখি তাঁরা প্রত্যেকেই দোষেগুণে গড়া। [illegible]মাত্র দোষকে প্রশ্রয় দিয়ে তার পরিণতি দুঃখের কালিমালেপনে তিনি তাঁর রচনার [illegible] টানেন কি। বরং চিত্তসংস্কার ও আত্মশুদ্ধির মাধ্যমে সব কালিমামুক্ত করে [illegible] চরিত্রের পরিশুদ্ধি ঘটিয়েছেন। ফলে তাঁর রচনায় আমরা দেখি বারবার

অভিশাপের বা বিরহের প্রসঙ্গ এসেছে। কিন্তু যে পাপের কারণে অভিশপ্ত হয়েছিল, তার প্রায়শ্চিত্ত ঘটিয়ে শাপমুক্তির দ্বারা তিনি চরিত্রগুলিকে পরিবেশে উপনীত করেছেন। তাই তাঁর রচনায় অভিশাপ আশীর্বাদে পরিণত

সংস্কৃতে শপ্ ধাতু থেকে উদ্ভূত 'শাপ' পদের অর্থ 'আক্রোশ প্রকাশ করা'। 'শপথ, মিথ্যানিরসন বা সত্যাবধারণ ইত্যাদি অর্থও পাওয়া যায়। কালিদাসে বর্ণিত অভিশাপগুলিতে এই সমস্ত অর্থের সমর্থন মেলে। দেখা যায় অভিশাপের মাধ্যমে প্রকৃত সত্য উদ্ঘাটিত হয়েছে। সুতরাং অভিশাপই কারণ।

অভিশাপ কখনই আপনা থেকে বর্ষিত হয় না, বরং নিজের অজান্তেই মানু আহ্বান করে আনে। তত্ত্বগত ভাবে বিচার করলে দেখা যাবে, অভিশাপ তার প্রা তবে আত্মোপলব্ধির মাধ্যমে ভুল স্বীকার করলে সত্যের স্বরূপ উন্মোচিত হয়। চলার পথ সবসময় সুগম হয় না। নিষ্কণ্টক জীবন সুন্দর ও মধুময় হয়ে উঠবে এ একেবারেই ঠিক নয়। তাছাড়া আপাত নিষ্কণ্টক জীবনপথেই তো আকস্মিক পদ সম্ভাবনা বেশি থাকে। সত্য ও সুন্দরের পূজারী কালিদাসের সাহিত্যেও তাই অভিশাপ এসে পড়েছে। তাঁর রচনায় বর্ণিত এইসব অভিশাপগুলি কখনও মূল থেকে সংগৃহীত, আবার কখনও বা প্রয়োজনে সংযোজিত।

কালিদাসের কালজয়ী রচনা অর্থাৎ (মেঘদূতম, রঘুবংশম, কুমারস বিক্রমোর্বশীয়ম্ ও অভিজ্ঞান-শকুন্তলম্ প্রভৃতি গ্রন্থে আমরা সর্বত্রই দেখি অ বৃত্তান্ত। আর এই অভিশাপগুলির প্রত্যেকটিতেই গভীর তাৎপর্য বিদ্যমান।

'মেঘদূতে' দেখি স্বাধিকারপ্রমত্ত যক্ষ প্রভু কুবেরের রাজকার্যে অবহেলা করায় একবছরের জন্য প্রভুশাপে কৈলাসস্থিত অলকাপুরী থেকে সুদূর দক্ষিণে রা পর্বতে নির্বাসিত।

> "কশ্চিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারপ্রমত্তঃ
> শাপেনাস্তংগমিতমহিমা বর্ষভোগ্যেণ ভর্তুঃ।
> যক্ষশ্চক্রে জনকতনয়া - স্নান - পুণ্যোদকেষু
> স্নিগ্ধাচ্ছায়াতরুষু বসতিং রামগির্য্যাশ্রমেষু।।"

অর্থাৎ ভোগের মহিমা আত্মবিকাশের পথে বাধার সৃষ্টি করায় শাপ বর্ষিত হয়ে প্রিয়ামিলন সুখ থেকে যক্ষ বঞ্চিত থাকুক কবি তা চান না, বরং যক্ষের যে প্রিয়াপ্রী ক্ষুদ্রতার গণ্ডীতে আবদ্ধ ছিল তা থেকে যক্ষের 'আপন হাত বাহির হয়ে বাইরে দাঁড়ানোর প্রয়োজন ছিল। তাই শাপ -জনিত বিরহে যক্ষ সমগ্র -পৃথিবীতে প্রিয়া-

করলেন। প্রেম যে বিরহে গভীর থেকে গভীরতর হয় তা কালিদাসের উত্তরসূরী কাব্যেও দেখি -

"মিলনে আছিলে বাঁধা শুধু এক ঠাঁই
বিরহে টুটিয়া বাধা আজি বিশ্বময়
ব্যাপ্ত হয়ে গেছ প্রিয়ে
তোমারে দেখিতে পাই সর্বত্র চাহিয়ে।"

এ শাপ নয়, বরং শাপমোচন। মিশনের বন্ধনে যক্ষ ও যক্ষপ্রিয়া অলকার স্বর্গপুরীতে ছিল। প্রভুর অভিশাপ 'বর' হয়ে দেখা দিল অর্থাৎ যক্ষ বিরহের মধ্যে তার বিশ্বময় করে পেল, আলোচ্য কাব্যের উত্তরমেঘের একটি শ্লোকে এর সমর্থন

"শ্যামাস্বঙ্গং চকিতহরিণীপ্রেক্ষণে দৃষ্টিপাতং
বক্ত্রচ্ছায়াং শশিনি শিখিনাং বর্হভারেষু কেশান্।
উৎপশ্যামি প্রতনুষু নদীবীচিষু ভ্রূবিলাসান্
হন্তৈকস্মিন্ ক্বচিদপি ন তে চণ্ডি সাদৃশ্যমস্তি।।"

যক্ষ তার চারপাশে প্রকৃতির মধ্যে প্রিয়ার সাদৃশ্য অনুভব করে।

নোর্বশীয়' নাটকে দেখা যায়, উর্বশী 'লক্ষ্মীস্বয়ংবর' নাটকে লক্ষ্মীর ভূমিকায় করছিলেন। তাঁর সংলাপে 'পুরুষোত্তম' -এর স্থানে উর্বশী তাঁর প্রণয়ী বার' নাম বলে ফেলায় উপাধ্যায় উর্বশীকে অভিশাপ দিলেন-

মম ত্বয়া উপদেশঃ লঙ্ঘিতঃ, তেন ন তে দিব্যং স্থানং ভবিষ্যতি ইতি" অর্থাৎ মর্ত্যে চলে যেতে হবে। উর্বশীলজ্জায় মাথা নত করে দাঁড়িয়ে থাকলে দেবরাজ জানালেন -

"যস্মিন্ বদ্ধভাবা অসি ত্বং তস্য মে
রণসহায়স্য রাজর্ষেঃ প্রিয়ং করণীয়ম্। ততঃ তাবৎ
ত্বং পুরূরবসং যথাকামম্ উপতিষ্ঠস্ব যাবৎ
স পরিদৃষ্টসন্তানো ভবতি" - ইতি

অভিশাপের ফলে ঘটল মিলন। আবার তাঁদের সন্তানের মুখদর্শনে শাপনিবৃত্তি। এক্ষেত্রে উর্বশীকে স্বর্গে প্রত্যাগমন করতে হবে। উর্বশীর জীবনে আবার নেমে বিরহের অমানিশা। এই আপাত বিরুদ্ধ ঘটনার বর্ণনার দ্বারা কালিদাস আশীর্বাদ বা শাপকে পৃথকভাবে দেখেন নি। শাপের মধ্যেও আশীর্বাদ লুকিয়ে থাকে। তেমনি

আশীর্বাদেও শাপ। ভোগের তীব্রবাসনায় তারা এমনই অন্ধ যে আবার বিরহের পর
সুতরাং পুরূরবা উর্বশীকে বিরহের মধ্যেই পেলেন - যখন উর্বশী কুমারবনে
পরিণত। তখনই পুরূরবা সমগ্র প্রকৃতিতে, বিশ্বে উর্বশীর ছায়া অনুভব করলেন -

"সর্বক্ষিতিভৃতাং নাথ দৃষ্টা সর্বাহসুন্দরী।
রামা রম্যে বনোদ্দেশে ময়া বিরহিতা ত্বয়া।।"

নিশ্চল-নিষ্প্রাণ পর্বতের কাছে প্রিয়ার সংবাদ জানিতে চেয়ে উত্তর
প্রতিধ্বনিতে। এই প্রতিধ্বনিকেই রাজার অন্তঃস্থল থেকে উৎসারিত সত্যোপলব্ধি
মনে করা যেতে পারে। যেখানে সমগ্রবিশ্বেই প্রিয়াস্পর্শ, পর্বতেও তার উত্তর খুঁজে
তিনি।

রঘুবংশের প্রথম সর্গে অপুত্রক রাজা দিলীপ পুত্রকামনায় সপত্নীক কুলগুরু বশিষ্ঠ
উপনীত হলে মুনিবর তাঁকে জানান, কোন এক সময় রাজা দিলীপ স্বর্গে ইন্দ্রের
দেখা করে মর্ত্যে অবতরণের সময় পথিমধ্যে কামধেনু সুরভিকে যথাযোগ্য
প্রদর্শন না করায় সুরভির দ্বারা তিনি অভিশপ্ত হন -

"অবজানাসি মাং যস্মাদতস্তে ন ভবিষ্যতি।
মৎপ্রসূতিমনারাধ্য প্রজেতি ত্বাং শশাপ সা।।"

বশিষ্ঠের আদেশানুযায়ী রাজা দিলীপ সস্ত্রীক সুরভিকন্যা নন্দিনীর পরিচর্যায় নিযুক্ত
সেবায় পরিতুষ্ট নন্দিনীর বরে রাজদম্পতী রঘু নামক এক অমিতবীর্য পুত্র লাভ করে

পঞ্চমসর্গেও আমরা দেখি গন্ধর্বের পুত্র প্রিয়ম্বদ অভিমান প্রকাশ করার অপরাধে
মুনি তাঁকে অভিশাপ দেন -

"মতঙ্গ শাপাদবলেপমূলবং অবাপ্তবানস্মি মতঙ্গদত্বম্।"

ফলে প্রিয়ম্বদ গজদেহ লাভ করেন।

অষ্টমসর্গেও অভিশাপের প্রসঙ্গ আমরা লক্ষ্য করি। পুরাকালে অজের স্ত্রী রাণী ইন্দু
হরিণী নামে সুরাঙ্গনা ছিলেন। মহর্ষি তৃণবিন্দুর তপস্যায় দেবরাজ ইন্দ্র আশঙ্কিত
করলেন। তাই তপস্যার বিঘ্ন ঘটাতে তিনি হরিণীকে প্রেরণ করলেন। কিন্তু হরি
লক্ষ্য করেই মহর্ষি কঠোর অভিশাপ দিলেন -

তপঃপ্রতিবন্ধমন্যুনা প্রমুখাবিষ্কৃতাচারু বিভ্রমাম্।
অশপদ্ভব মানুষীতি তাং শমবেলা প্রলয়োর্ম্মিণাভুবি।।"

এই অভিশাপের ফলে হরিণী মর্ত্যলোকে ইন্দুমতী হয়ে জন্মগ্রহণ করেন।

নবম সর্গে পুত্রবধশোকে কাতর অন্ধমুনির দশরথকে অভিশাপ প্রদান এবং পরিণামে পুত্রসন্তানলাভ।

মহাকবি কালিদাস রঘুবংশের বিভিন্ন সর্গে অভিশাপের অবতারণা ঘটিয়েছেন। অভিশাপগুলি আপাত শাপ; পরিণামে আশীর্বাদ।

সম্ভব কাব্যে ইন্দ্রের আদেশে কামদেবের ধৃষ্টতায় তপস্যারত মহাদেব চিত্তচাঞ্চল্য করলেন। তাঁর তৃতীয়নেত্র সহসা ক্রোধোদ্দীপ্ত হওয়ায় কামদেব ভষ্মীভূত

প্রভো! সংহর সংহরেতি যাবদ্ গিরঃ খে মরুতাং চরন্তি।

তাবৎ স বহ্নির্ভবনেত্রজন্মা ভষ্মাবশেষং মদনং চকার।।"[১১০]

কামদেব ভষ্মের কারণও যে অভিশাপ তা দৈববাণীতে বলা হয়েছে।

"অভিলাষমুদীরিতেন্দ্রিয়ঃ স্বসুতামকরোৎ প্রজাপতিঃ।

অথ তেন নিগৃহ্য বিক্রিয়ামভিশপ্তং ফলমেতদন্বভূৎ।।"[১১১]

পঞ্চবানের অত্যাচারে প্রজাপতি ব্রহ্মার একদিন ঈষদচিত্তচাঞ্চল্য ঘটায় তিনি নিজ সরস্বতীর প্রতি সাভিলাষনয়নে দৃষ্টিপাত করেছিলেন। কিন্তু পরক্ষণেই সৃষ্টিকর্তা বৈকল্য নিরোধপূর্বক অবিনয়ী কামদেবকে অভিশাপ দিয়েছিলেন। আর সেই পের ফলেই মহাদেবের নেত্রবহ্নিতে কামদেব ভষ্মীভূত হলেন।

তি ব্রহ্মার অভিশাপের পর, ধর্মরাজ মিনতিপূর্বক কামদেবের পুনরুজ্জীবন প্রার্থনা পিতামহ জানালেন -

ষ্যতি পার্বতীং যদা তপসা তৎপ্রবণীকৃতো হরঃ।

সুখস্তদা স্মরং বপুষা স্বেন নিয়োজয়িষ্যতি।।"[১১২]

তপস্যার দ্বারা যেদিন পার্বতী মহাদেবকে তাঁর প্রতি অনুরক্ত করাতে পারবেন ই কামদেব পুনরুজ্জীবন লাভ করবেন। আর তাহলেই কামদেব তাঁর ত্রিলোক কলেবর আবার ফিরে পাবেন।

কে তপস্যার বিঘ্ন মনে করে নারীসান্নিধ্য ত্যাগ করে মহাদেব আশ্রম পরিত্যাগ লেন। প্রত্যাখ্যাতা পার্বতী আপন রূপলাবণ্যকে ধিক্কার দিয়ে দুশ্চর তপস্যায় ব্রতী ন। অর্থাৎ রূপের দ্বারা নয়, তপস্যার দ্বারা পার্বতী তাঁর হৃদয়দেবতার সান্নিধ্যলাভ লেন। প্রসঙ্গতঃ কবিগুরুর ভাষায় -

মি রূপে তোমার ভোলাব না

বাসায় ভোলাব।"

অভিজ্ঞান - শকুন্তলা নাটকেও দেখা যায়, গান্ধর্ব বিধিমতে শকুন্তলাকে বিবা
দুষ্যন্ত নিজ রাজধানীতে ফিরে গেলেন। সসম্মানে তাকে নিয়ে যাবার জন্য
তপোবনে কোন রাজপুরুষকে পাঠান নি। তপোবনে আবাল্য পরিচিত প
পতিবিরহে ক্লিষ্টা শকুন্তলার দিনগুলো উদ্বেগ ও অবসাদের মধ্যে কাটতে থাকে
কণ্বের অনুপস্থিতিতে আশ্রমে অতিথি আপ্যায়নের ভার ছিল শকুন্তলার উপর
সুলভকোপবিশিষ্ট মহর্ষি দুর্বাসা আতিথ্য প্রার্থনা করে আশ্রমের অনতিদূরে উ
হলেন। কিন্তু শকুন্তলা পতিচিন্তায় এমনই নিমগ্না যে, অতিথির বজ্রগম্ভীর আ
তাঁর কর্ণে প্রবেশ করল না। কন্যদুহিতার এই নীরবতাকে অতিথির অনাদর মনে
ক্রুদ্ধ দুর্বাসা কঠোর অভিশাপ দিলেন -

"বিচিন্তয়ন্তী যমণন্যমানসা তপোধনং বেৎসি ন মামুপস্থিতম্।
স্মরিষ্যতি ত্বাং ন স বোধিতোঽপি সন্ কথাং প্রমত্তঃ প্রথমং কৃতামিব।।"[১০]

এই অভিশাপেরও সুদূরপ্রসারী তাৎপর্য আছে। কালিদাস এই নাটকটির ক
মাধ্যমে এক বৃহত্তর সামাজিক শিক্ষা উপস্থাপিত করেছেন। যৌবনের উদ্দাম উ
বয়োপরিণামের প্রশান্ত পরিণতি এই দুটো পর্যায় নিয়ে মানবজীবন পরিপূর্ণ
করে। নাটকের প্রথম তিনটে অঙ্কে আমরা দুষ্যন্ত ও শকুন্তলাকে যৌবনের
প্রবৃত্তির স্রোতে ভেসে যেতে দেখি। কিন্তু যে দাম্পত্য মিলনের কেন্দ্রে আছে
আকর্ষণ, মিলনের সেই বন্ধন ক্ষণিক সুখের পর অবসাদে শিথিল হতে বাধ্য। ক
সৌন্দর্য ও কল্যাণকে পৃথক রাখতে চাননি। আর ঠিক সেই কারণেই শকুন্তলার
দুষ্যন্তের অনুশোচনা। প্রণয় যত পবিত্রই হোক না কেন, তা যদি সামাজিক
সাধনের পরিপন্থী হয় তা হলে অমঙ্গল, কালিদাস তা হতে দেন নি। দুর্বাসার অ
একারণেই মঙ্গলের বার্তা বহন করে। এই অভিশাপ হল সেই সেতু যার উপর
উভয়েই যৌবনোচ্ছল প্রণয়ের খরস্রোতা নদীর বিঘ্নসঙ্কুল গতিপথটি পার হয়ে
পরিণত মিলনের প্রশান্তির লক্ষ্যে উপনীত হলেন। বস্তুতঃ দুঃখের মূল্য ন
জীবনের কোন মহত্তর পরিণাম লাভ করা যায় না। অভিশাপ হল সেই আপাত দু
স্পর্শে উভয়েরই মঙ্গল সাধিত হল।

সুতরাং দেখা যায়, যে অন্ধ উন্মত্ত প্রেম আমাদের স্বাধিকার প্রমত্ত কোরে তো
ভর্তৃশাপের দ্বারা খণ্ডিত, ঋষিশাপের দ্বারা প্রতিহত ও দেবরোষের দ্বারা ভস্মসা
থাকে। সেই অভিশাপ কালিদাস সাহিত্যের মূল লক্ষ্য নয় - তাৎপর্য অভিশাপে
চিরন্তন মঙ্গল সাধনায় অভিশাপকে তিনি মাধ্যম হিসাবে বেছে নিয়েছেন। এই
সমর্থন পাই যখন স্বয়ং রবীন্দ্রনাথ কালিদাস কাব্যের সমালোচনায় বলেন -

...েহে যাহা অকৃতার্থ মঙ্গলে তাহা পরিসমাপ্ত, দেখাইয়াছেন ধর্ম যে সৌন্দর্যকে ধারণ ...রাখে তাহাই ধ্রুব এবং প্রেমের শান্ত সংযত কল্যাণরূপই শ্রেষ্ঠরূপ - বন্ধনে যথার্থ ... এবং উচ্ছৃঙ্খলতায় সৌন্দর্যের আশু বিকৃতি।"[15] সুতরাং সংঘাত নয়, শাস্তি, শাপ নয়, ...মোচনই কালিদাস সাহিত্যের লক্ষ্য।

...ঙ্গিক সূত্রনির্দেশ

- মেঘদূত, পূর্বমেঘ ১নং শ্লোক
- 'সোনারতরী' কাব্যগ্রন্থের 'মানসসুন্দরী' কবিতা - রবীন্দ্রনাথ ঠাকুর
- মেঘদূত, উত্তরমেঘ ৪৩ নং শ্লোক
- বিক্রমোর্বশীয় তৃতীয় অঙ্ক (পৃঃ ২৫২) কালিদাস গ্রন্থাবলী
- তত্রৈব
- বিক্রমোর্বশীয় চতুর্থ অঙ্ক (পৃঃ ২৮৯) কালিদাস গ্রন্থাবলী
- রঘুবংশ (প্রথম সর্গ, ৭৭ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- রঘুবংশ (পঞ্চম সর্গ, ৫৩ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- রঘুবংশ (অষ্টম সর্গ, ৮০ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- কুমারসম্ভব (তৃতীয় সর্গ, ৭২ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- কুমারসম্ভব (৪র্থ সর্গ, ৪১ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- কুমারসম্ভব (৪র্থ সর্গ, ৪২ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- অভিজ্ঞান শকুন্তলা (৪র্থ অঙ্ক, ১ নং শ্লোক) কালিদাস গ্রন্থাবলী
- 'কুমারসম্ভব ও শকুন্তলা' - রবীন্দ্রনাথ ঠাকুর

...পঞ্জী

- মেঘদূত পরিচয় - পার্বতীচরণ ভট্টাচার্য
- মেঘদূত ও সৌদামনী - সত্যনারায়ণ চক্রবর্তী
- অভিজ্ঞান শকুন্তলম্ - সত্যনারায়ণ চক্রবর্তী
- কালিদাস এবং সংস্কৃতসাহিত্য ও শিক্ষাবিষয়ক অন্যান্য প্রবন্ধ — সত্যনারায়ণ চক্রবর্তী
- কালিদাস গ্রন্থাবলী - পণ্ডিত রাজেন্দ্রবিদ্যাভূষণ সম্পাদিত
- বাঙ্গালীর শকুন্তলাচর্চা - তরুণ মুখোপাধ্যায়
- শকুন্তলাতত্ত্ব - চন্দ্রনাথ বসু

Heterogeneous Catalysis: Use of Inorganic Porous Solids

Dr Suparna Banerjee
Department of Chemistry

[Abstract : Heterogeneous catalysis can occur in a different way. There are several examples of heterogeneous catalysis. The Catalytic efficiency determines the catalytic transformation of small molecules in heterogeneous condition. Porous nature is of vital importance in this kind of catalysis. Synthesis of zeolites and other porous materials are carried out and its characterization done. Shape selectivity also plays a vital role in this sort of synthesis.]

Background : The term "Catalysis" was first coined by Berzelius (1835) [J. Berzelius, *Jber. Chem.* **1835**, *15*, 237), **Jabir- Arab alchemist in 18th Century converted Alcohol Ether (mineral acid), J. W. Döbereiner, Professor of chemistry at the University of Jena, reported in July 1823** ***"that finely divided platinum powder causes hydrogen gas to react with oxygen gas by mere contact to water whereby the platinum itself is not altered"*. (J. W. Döbereiner, *Schweigg. J.* 1823, 39, 1.)**

In 1900 Wilhelm Ostwald proposed its valid definition : "A catalyst is a substance which affects the rate of a chemical reaction without being part of its end products". (W. Ostwald, *Phys. Z.* **1902**, *3*, 313)





Heterogeneous Catalysis (solid-gas / solid-liquid)

- (i) Diffusion of reactants to the surface of the catalyst (internal surface)
- (ii) Adsorption of the reactants on the surface (chemisorption)
- (iii) Reaction on the surface
- (iv) Desorption or diffusion of the products from the interior of the solid

The question is Why Heterogeneous system is more desirable?

- Recovery and reuse
- *Easy separation from reaction mixture (only by filtration). Possible to reuse in cycle without any loss of activity*
- Robustness of catalysts : *Increased stability of active-sites*
- Selectivity : Solid matrix gives opportunity to increase the selectivity of reaction products

Examples of heterogeneous catalysis



(Textbook: Heterogeneous Catalysis and Applications, G. C. Bond, OUP, Oxford, 1987, Catalytic Chemistry, B. C. Gates, Wiley, NY, 1992)

Definition of Catalytic Efficiency

Apparent rate of any gas-solid or gas-liquid catalyzed reaction can be expressed as: rate = $k\,f(c)$

Rate coefficient will change as the prevailing conditions of the reaction (temp., pr., surface concentration etc.)

$k = A\ \exp(-E'/RT)$

E' is the apparent activation energy not true activation energy

Concn. of reactant at the surface will be temp. dependent

Turnover number/frequency (TON/TOF)

TOF = (No. of moles of the product)/(No. of moles of active sites × Tim

Typical TOF of enzymes : Chymotrypsin- $10^{2} s^{-1}$, Urease- $10^{4} s^{-1}$, Catal
s^{-1}

Catalytic transformation of small molecules in heterogeneous cond
10^{-2}-$10^{2} s^{-1}$

Molecular world under STM



Real time movie of formation of monolayer of oxygen on Pt(111) surface



(a) STM snapshots of O atoms at 300K on a Pt(11

(b) STM micro-graph showing monolayer of oxyg

STM image showing chemisorbed oxygen atoms and molecule

$CO + O \rightarrow CO_2$

Catalytic converter in auto exhaust

G. Ertl, *Reactions at Solid Surfaces* , John Wiley & Sons, Hoboken, 20

WHY POROUS?

1) To increase the surface area 2) To get better site isolation o active centers
3) To increase the selectivity of the products

Classes of Porous Materials



Microporous

Pore size → 4-14 Å

Mesoporous (Nanoporous)

Pore size → 15-200 Å (1.5-20 nm)

Macroporous

Pore size > 200 Å

AMM = Amorphous Microporous Metallosilicates

MOF = Metal-organic Frameworks

D. W. Breck, Zeolite Molecular Sieves, Wiley, New York, 1974; R. M. Barrer, Hydrothermal Chemistry of Zeolites, Academic Press, NY, 1982; F. Schüth, J. Weitkamp (Eds), Handbook of Porous Solids, VCH, 2002 (5 vols.); R. Szostak, Handbook of Molecular Sieves, Reinhold, New York, 2002)

Zeolites/Molecular Sieves





Secondary Building Unit (SBU)

Zeolites are aluminosilicate clay minerals available on the earth crust. General formula $(M^{n+})_{x/n}[Al_xSi_yO_{2x+2y}]^{x-} \cdot zH_2O$

Zeolites can be synthesized in the laboratory under HYDROTHERMAL conditions.

SBUs are connected to each other to form 2D sheet or 3D porous networks to form Zeolites or Molecular Sieves



Sodalite Cage (SBU

Natural analogue Faujasite

Zeolite A Zeolite X/Y (Linde type X/Y)



Mordenite ZSM-5 (Zeolite Socony Mobil)

Hydrothermal Synthesis of Zeolite

Silica Source + Alumina Source ⇒ Homogeneous Gel

Alkali / NaOH

GEL → AUTOCLAVE → Crystalline product Calcination → Zeolite/Molecular sieve

Structure directing agent Organic Template

Characterization

IR spectra ⇒ Framework vibration bands (Al-O-Si)

X-ray powder diffraction (XRD) ⇒ Identification, Phase purity, integrity of the z

N_2 sorption measurement ⇒ Surface area, pore volume, pore dimension

Brönsted and Lewis Acidity of Aluminosilicates



Brönsted acid Lewis acid

sites are exchangeable and can be used to insert any metal cation
umino silicates/zeolites.

Molecular traffic control (Shape selectivity)

is used in the alkylation of toluene by methanol to form only *para*-
although methanol can provide methyl groups to produce all three
isomers.



'linear' 'para' leaves the channel readily but the angular ortho- or
-isomers do not.

Encapsulation of active sites in zeolite:
Functional mimic of metalloenzyme

systems frustrate formation of inactive μ-oxo dimer and destruction
nads by encapsulating active sites in protein mantle

Copper containing enzyme
Galactose Oxidase

Amongst inorganic materials, zeolites and molecular sieves resemble structurally enzyme. These cages and/or pores may be used for directing a reaction by immobilizing an active site (metal complex)

Ship-in-the-Bottle" Synthesis



Professor G. D. Stucky, University of California, Santa Barbara coined the term "Ship-in-the-Bottle" synthesis for this process - Encapsulation of metal complex in the zeolite cavity.

Template synthesis route



Zeolite Synthesis route



Scheme II

Catalyst derived by encapsulating metal complexes in Y-zeolite matrix

Stucky et al have encapsulated iron Phthalocyanin e complex in Y-zeolite matrix to mimic catalytic oxidation properties of cytochorme P-450 ***Chem. Commun.*** **(1986) 1521.**

<u>**Encapsulation of metal Schiff-base complex in zeolite**</u>



Dioxygen can also be activated by [Co(Medpt)] complex (P. A. Jacobs et al, *Angew. Chem.* 33 (1994) 431)

[illegible]-bipyridyl complex encapsulated into Y-zeolite Oxidation of alkene with H_2O_2 (P. A. Jacobs et al, *Nature*, 369 (1994) 543)

Is Light The Solution To Energyproblem?

Ratna Bandyopadhyay
Department of Chemistry

